In the Bengalee Government Gazette of the 7th November last, after "Radhagobind, Darogah of Sudder Thannah of," for *Nowgong*, read *Durrung*, and after "Sereekant Biswas, Darogah of the Sudder Station of," for *Durrung*, read *Nowgong*.

F. J. HALLIDAY,

Secy. to the Govt. of Bengal.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 27th November, 1843.

Mr. W. Greaves to be Superintendent of Stationery.

The 22d January, 1844.

Captain R. Ouseley to be a Principal Assistant under the Agent to the Governor General South Western Frontier.

Lieut. W. H. Oakes to be a first Class Assistant under the Agent to the Governor General South Western Frontier.

Lieut. R. W. Bird, 4th Regiment N. I., to be a Second Class Assistant under ditto ditto ditto.

Captain W. G. Don, Adjutant to the Bhaugulpore Hill Rangers, to be a Member of the Ferry Fund Committee of that District, vice Mr. Rice resigned.

The 26th January, 1844.

Mr. Vernon H. Schalch to be an Assistant to the Joint Magistrate and Deputy Collector of Beerbhoom.

ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত টি টুইডি সাহেব বর্দ্ধমান মাসের ১০ তারিখে আপনার কর্ম্মের ভার গ্রহণ করেন্।

দিনাজপুরের কালেক্টর শ্রীযুত সি ষ্টিয়র সাহেব জিলার মফঃসলে গমনার্থ বর্ত্তমান মাসের ১১ তারিখে আপনার খাজানাখানাপ্রভৃতির ভার অতিরিক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত জর্জ কুপর সাহেবের প্রতি অর্পণ করেন্।

সারণের মাজিষ্ট্রেট শ্রীযুত জি ডি উইলকিন্স সাহেব বর্ত্তমান মাসের ১২ তারিখে আপনার খাজানাখানার ভার শ্রীযুত এফ এ ই ডালরিম্পল সাহেবের প্রতি অর্পণ করেন্।

পূর্ব্ব বর্দ্ধমানের সিবিল ও সেশন জজ শ্রীযুত বি গোল্ডিং সাহেব বর্ত্তমান মাসের ১৬ তারিখে আপনার কর্ম্ম পুনর্গ্রহণ করেন্।

দক্ষিণ পশ্চিম অঞ্চলের জিলা মানভূমে শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের এজেন্টের প্রথম শ্রেণীর একটিং আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট ডবলিউ এচ ওক্স সাহেব বর্ত্তমান মাসের ১৬ তারিখে আপনার কর্ম্ম গ্রহণ করেন্।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত সি রেক্স সাহেব, "সৌথাম্টন" নামক জাহাজে ইঙ্গলণ্ডে গমন করিয়াছেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১৭ তারিখে আড়কাটি সমুদ্রপথে ছাড়িয়া আইসে।

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের রেজিষ্টর শ্রীযুত জে হকিন্স সাহেবকে বর্ত্তমান মাসের ৮ তারিখে যে এক মাসের ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল বর্ত্তমান মাসের ২০ তারিখে রহিত হইল। ঐ তারিখে তিনি আপনার কর্ম্ম পুনর্গ্রহণ করেন্।

১৮৪৪ সাল ২২ জানুআরি।

অশুদ্ধ শোধন।

গত নবেম্বর মাসের ৭ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে "নওগাঁর সদর থানার দারোগা শ্রীযুত রাধাগোবিন্দ" এই স্থানে "নওগাঁর" পরিবর্ত্তে "ডরঙ্গ" পাঠ করিতে হইবেক। এবং "ডরঙ্গের সদর স্থানের দারোগা শ্রীযুত শ্রীকান্ত বিশ্বাস" এই স্থানে "ডরঙ্গের" পরিবর্ত্তে "নওগাঁ" পাঠ করিতে হইবেক।

এফ জে হালিডে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৩ সাল ২৭ নবেম্বর।

শ্রীযুত ডবলিউ গ্রিবস সাহেব কাগজ কলমআদির সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

১৮৪৪ সাল ২২ জানুআরি।

শ্রীযুত কাপ্তান আর উলি সাহেব দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেন্টের অধীন প্রধান আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট ডবলিউ এচ ওক্স সাহেব দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের এজেন্টের অধীন প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট হইবেন।

এদেশীয় সৈন্যের ৪ সংখ্যক পল্টনের লেপ্টেনেণ্ট শ্রীযুত আর ডবলিউ বর্ড সাহেব উক্ত বাহাদুরের এজেন্টের অধীন দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত রাইস সাহেব কর্ম্মে ইস্তাফা দেওয়াতে ভাগলপুরে পর্ব্বতীয় সৈন্যেরদের আজিটাণ্ট শ্রীযুত কাপ্তান ডবলিউ জি ডন সাহেব ঐ জিলাতে ওদারার নৌকার দ্বারা প্রাপ্ত ফাজিল টাকা ব্যয় করণের কমিটির মেম্বর হইবেন।

১৮৪৪ সাল ২৬ জানুআরি।

শ্রীযুত বর্ণন এচ শক সাহেব বীরভূমের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

LEAVES OF ABSENCE.

The 22d January, 1844.

Mr. J. Staniforth, Special Commissioner of the Cuttack Division, for eighteen months, on Medical Certificate, to proceed to the Cape of Good Hope, —the leave to commence from the 26th ultimo.

Mr. F. Gouldsbury, Civil and Sessions Judge of Bhaugulpore, for eight months, under the Amended Rules of 17th May last, in addition to the leave granted to him on the 23d October last, to enable him to proceed to Darjeling, for the benefit of his health, under Medical Certificates.

Moulvie Rooknoodeen Khan, Principal Sudder Ameen of Purneah, Moulvie Mahomed Kulleem, 1st Principal Sudder Ameen of Jessore, Moulvie Lootf Husseih, 2d ditto of ditto, during the Mohurrum Vacation.

Moulvie Suffee Oodeen, Law Officer of the Court of the Civil and Sessions Judge of Backergunge, for six weeks, on private affairs, beyond the Mohurrum Vacation.

Moulvie Ushruf Hussein, 2d Principal Sudder Ameen of Tirhoot, for five days, on private affairs, beyond the Mohurrum Vacation.

The 26th January, 1844.

Mr. G. Gough, Civil and Sessions Judge of Sarun, for one month, under Section XI. of the Amended Rules of 17th May 1843, to commence from the 20th instant. This cancels the leave for three months granted to him on the 16th ultimo.

NOTIFICATIONS.

The 22d January, 1844.

Mr. W. Bell, Magistrate of Moorshedabad, assumed charge of his office from Mr. R. H. Russell on the 18th instant.

Mr. James Guthrie, appointed by the Honourable the Court of Directors, a Member of the Civil Service on the Bengal Establishment, reported his arrival in Calcutta on the 9th instant.

Mr. H. Fane is permitted to remain attached to the College of Fort William for a further period of one month, in extension of the leave granted to him on the 16th October last, for the purpose of continuing his study in the Oordoo language.

Moulvie Abdool Ali Khan, Principal Sudder Ameen of Rajeshye, made over charge of the current duties of his office to Moulvie Sadut Ullee, Sudder Ameen, on the 20th instant.

The Moonsiff's Cutcherry, formerly at Bhowanny Gunge, in Zillah Rajeshye, has been removed to the Village of Boudhye Kara, in the same District.

The 27th January, 1844.

Messrs. H. R. Alexander and W. Galloway, of the Civil Service, reported their return from England on board the Steam Ship "Hindoostan," which vessel reached Kedgeree on the 25th instant.

The Revd. R. Everest reported his return from England on board the Steam Ship "Hindoostan," which vessel reached Kedgeree on the 25th instant.

Messrs. W. Gordon Young, Robert Henry Dunlop and Lewin Bentham Bowring, appointed by the

[*Government Gazette*, 30*th January*, 1844.]

ছুটী।

১৮৪৪ সাল ২২ জানুআরি।

জিলা কটকের স্পেসিয়ল কমিস্যনর শ্রীযুত জে ষ্টানিফোর্থ সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে কেপে গমনার্থ আঠার মাসের ছুটী পাইয়াছেন। ঐ ছুটী গত মাসের ২৬ তারিখঅবধি আরম্ভ হইবেক।

ভাগলপুরের সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ গ্লুসবরি সাহেব গত অক্টোবর মাসের ২৩ তারিখে যে ছুটী পান্ তাহার অতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে স্বীয় স্বাস্থ্যার্থে দারজিলিঙ্গে গমনার্থ গত মে মাসের ১৭ তারিখের শুধরাহওয়া বিধানানুসারে আট মাসের ছুটী পাইয়াছেন।

পুরণিয়ার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী রুকনুদ্দীন খাঁ ও যশোহরের প্রথম শ্রেণীর প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ কলীম এবং ঐ স্থানের দ্বিতীয় শ্রেণীর প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী লুৎফ হুসেন মহরমের বন্দে ছুটী পাইয়াছেন।

বাকরগঞ্জের সিবিল ও সেশন জজ সাহেবের আদালতের মৌলবী শ্রীযুত মৌলবী সফিউদ্দীন স্বীয় কর্ম্মোপলক্ষে মহরমের বন্দের অতিরিক্ত ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

ত্রিহুতের দ্বিতীয় শ্রেণীর প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আশরফ হুসেন স্বীয় কর্ম্মোপলক্ষে মহরমের বন্দের অতিরিক্ত পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৪৪ সাল ২৬ জানুআরি।

সারণের সিবিল ও সেশন জজ শ্রীযুত জি গফ সাহেব ১৮৪৩ সালের ১৭ মে তারিখের শুধরাহওয়া বিধানের ১১ ধারানুসারে বর্ত্তমান মাসের ২০ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন। গত মাসের ১৬ তারিখে উক্ত সাহেবকে যে তিন মাসের ছুটী দেওয়া যায় তাহা এই হুকুমেতে রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৪৪ সাল ২২ জানুআরি।

মুরশিদাবাদের মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ বেল সাহেব বর্ত্তমান মাসের ১৮ তারিখে শ্রীযুত আর এচ রসেল সাহেবের স্থানে আপনার কর্ম্ম গ্রহণ করেন্।

শ্রীযুত জেম্‌স গথ্রি সাহেব শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা কোম্পানির সিবিলসম্পর্কীয় সিরিশ্‌তায় নিযুক্ত হইয়া বর্ত্তমান মাসের ৯ তারিখে কলিকাতায় পঁহুছেন্ এমত রিপোর্ট করেন্।

শ্রীযুত এচ ফেন সাহেব গত অক্টোবর মাসের ১৬ তারিখে যে অনুমতি পান্ তাহার অতিরিক্ত উর্দ্দু ভাষা শিখিবার নিমিত্ত আর এক মাসপর্য্যন্ত ফোর্ট উলিয়ম কালেজে থাকিবার অনুমতি পান্।

রাজশাহীর প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আবদুল আলী খাঁ বর্ত্তমান মাসের ২০ তারিখে আপনার সিরিশতার চলিত কর্ম্মের ভার সদর আমীন শ্রীযুত মৌলবী সাদত আলীর প্রতি অর্পণ করেন্।

জিলা রাজশাহীর ভবানীগঞ্জে মুনসেফের যে কাছারী ছিল তাহা ঐ জিলার বৌদ্ধিকারা গ্রামে স্থাপিত হইয়াছে।

১৮৪৪ সাল ২৭ জানুআরি।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত এচ আর আলেকজান্দর সাহেব এবং শ্রীযুত ডবলিউ গালোএ সাহেব "হিন্দুস্থান" নামক বাষ্পীয় জাহাজের দ্বারা ইঙ্গলণ্ডহইতে প্রত্যাগমন করেন্ এমত রিপোর্ট করিয়াছেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২৫ তারিখে খাজুরীতে পঁহুছে।

শ্রীযুত পাদরি আর এবেরেষ্ট সাহেব "হিন্দুস্থান" নামক বাষ্পীয় জাহাজের দ্বারা ইঙ্গলণ্ডহইতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২৫ তারিখে খাজুরীতে পঁহুছে।

শ্রীযুত ডবলিউ গর্ডন ইয়ং সাহেব ও শ্রীযুত রাবর্ট হেনরি ডনলপ সাহেব এবং শ্রীযুত লিউইন বেনথাম

Honourable the Court of Directors, Members of the Civil Service on the Bengal Establishment, reported their arrival in Calcutta on the 25th instant.

Messrs. J. Muir, D. J. Money, and W. M. Dirom of the Civil Service, reported their return from Furlough on board the Steam Ship "Hindoostan," which Vessel reached Kedgeree on the 25th instant.

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

বৌরিং সাহেব শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের দ্বারা বাঙ্গলা কোম্পানির সিবিলসম্পর্কীয় সিরিশতায় নিযুক্ত হইয়া বর্ত্তমান মাসের ২৫ তারিখে কলিকাতায় পঁহুছেন এমত রিপোর্ট করিয়াছেন।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত জে মিউর সাহেব এবং শ্রীযুত ডি জে মনি সাহেব এবং শ্রীযুত ডবলিউ এম ডিরম সাহেব "হিন্দুস্থান" নামক বাষ্পীয় জাহাজের দ্বারা নিয়মিত ছুটী-হইতে আপনারদের প্রত্যাগমনের রিপোর্ট করেন। ঐ জাহাজ বর্ত্তমান মাসের ২৫ তারিখে খাজুরীতে পঁহুছে।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশতিহার।

SALT. নিমক।

নীচের লিখিত ঘাট ও গোলাহায়ে মৌজুদ থাকিলে যে প্রকার নির্দ্ধারিত মূল্যে হোল সেল অর্থাৎ রওয়ানায় বিক্রীর জন্য খরিদ করিতে পাওয়া যাইবেক তাহার তালিকা।

			ফিশত মোনের মূল্য		
			সন ১২৪৭ সাল মতাবকে ইং ১৮৪০।৪১ সাল	সন ১২৪৮ সাল মতাবকে ইং ১৮৪১।৪২ সাল	সন ১২৪৯ সাল মতাবকে ইং ১৮৪২।৪৩ সাল
হিজলী।	পাঙ্গা নেমক।	ঘাট কালীনগর ..	৪০৫		
ঐ	ঐ	ঐ কৃষ্ণনগর .	——	৪০০	
ঐ	ঐ	ঐ তেরোপাইকা ..	——	৪২৪	
ঐ	ঐ	ঐ রামনগর	——	——	৩৯০
তমলুক।	পাঙ্গা নেমক।	ঘাট নারায়ণপুর ..	——	৪২০	
২৪ পরগনা।	পাঙ্গা নেমক।	ঘাট নারায়ণপুর বাহিরবুনী	——	——	৪৩৩
	ঐ	ঐ ঐ তফাল	——	——	৪৩০
		বেলিয়াঘাটা			
		নারায়ণপুর পোক্তা নি			
		ঐ ঐ ১ পহিলা রকম			
		ঐ ঐ ২ দোসরা রকম			
		গোরদা			
	ঐ	বেঁওতা			
	ঐ	ডাইমণ্ড হারবর ..			
	ঐ	বাগণ্ডী			
চট্টগ্রাম।	পাঙ্গা নেমক।	ডোমখালি	——	——	৪১৭
	ঐ	সদর ঘাট : ..	——	——	৪১৭
	ঐ	আরাকীন	——	——	৪১২
শালিখা।	করকচ।	মান্দ্রাজ পরমিট ..			
	ঐ	১ পহিলা রকম ..	——	——	৩৯০
	ঐ	২ দোসরা রকম ..	——	——	৩৮৭
	ঐ	৩ তেসরা রকম ..	——	——	৩৮৫
	ঐ	বেলিয়াঘাটা			
	পাঙ্গা নেমক।	কটক	——	৪৩৮	
	ঐ	খোরদা	——	৪৪৪	
	ঐ	বালেশ্বর ..	——	৪৪৩	
	ঐ	চিলকা ..	——	৪৫২	

রিটেল অর্থাৎ খুদরা বিক্রীর জন্য নির্দ্ধারিত মূল্যের তালিকা।

হিজলী।	পাঙ্গা নেমক ফিশত মোন দর ৩৫৯৷৵ টাকা অর্থাৎ ফিমোন	৩৷৷৬
তমলুক।	পাঙ্গা নেমক ফিশত মোন দর ৪১২৷৷০ টাকা অর্থাৎ ফিমোন	৪৵*
২৪ পরগনা।	ডাইমণ্ড হারবরের পাঙ্গা নেমক ফিশত মোন ৪৩০ টাকা	
	ঘাট নারায়ণপুরের বাহিরবুনী পাঙ্গা নেমক ফিশত মোন ৪৩৩ টাকা	
	ঐ ঐ তাফাল পাঙ্গা নেমক ফিশত মোন ৪৩০ টাকা	
	ঘাট বাগণ্ডী পাঙ্গা নেমক ফিশত মোন ৪৩৯৷৷০ টাকা	

* এই সকল রকম নেমক নূতন পোক্তানের জন্য অনিশ্চিত এবং অল্প পরিমাণে প্রস্তুত হয় তাহাতে অনেকের গ্রাহকতাপ্রযুক্ত সংপ্রতি মহাজনেরদিগের টেণ্ডর অর্থাৎ দরখাস্ত লইয়া বাজারভাও মতে বিক্রী করা যাইতেছে ইতি।

চট্টগ্রাম। মান্দ্রাজ করকচ নেমক ফিশত মোন ২৬২৷৷০ টাকা অর্থাৎ ফিমোন ২৷৷৶
আরাকিন পাঙ্গা সদর ঘাট ফিশত মোন ৪৫০ টাকা অর্থাৎ ফিমোন ৪৷৷০
ভুলুয়া। মান্দ্রাজ করকচ যাহা তটস্থ গোলায় মৌজুদ আছে তাহার ফিশত মোন কোং ৩০০৲ টাকা অর্থাৎ ফিমোন ৩ টাকা ও যাহা উপদ্বীপস্থ গোলায় আছে তাহার দর ফিশত মোন ২৬২৷৷০ টাকা অর্থাৎ ফিমোন ২৷৷৶
কটক। এই জেলার নিরিখ মফস্বলের হাকিমানের বিবেচনানুসারে সময়ক্রমে ফেরফার হয়।

পরমিট ও নেমক ও আফিম বোর্ডের দপ্তরখানা
ইং সন ১৮৪৪ সাল তারিখ ১৫ জানুআরি মোতাবকে
বাঙ্গলা সন ১২৫০ সাল তারিখ ৩ মাঘ।

এচ টরেন্স। সেক্রেটারী।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম চট্টগ্রামের সরকারী গোলার নমুনাদৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন, আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের বেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন্ সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর ফি ১০০/ মোন
জেলা চট্টগ্রাম আরাকীন পাঙ্গা	সদর ঘাট	সন ১৮৪৩।৪৪	মোন ২০০০০/	কোং ৪১২ টাকা

বোর্ড পরমিট নেমক ও আফিম তাং ২৩ জানুআরি সন ১৮৪৪ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা মুরশিদাবাদ এই যে

অত্র জিলার সদর আমীনের ডিক্রীর টাকা জগমোহন মাহাতা তস্য পর কমলমণি ব্রাহ্মণী ডিক্রীদারের পাওনা আজহর হুসেন ও জনিসা বিবি খোদ ও উলিআফসর হুসেন নাবালক দেনদারগণের দেনা আদায় কারণ চতুর্দ্দশ বিভাগের প্রবলপ্রতাপ শ্রীযুত রেবিনিউর কমিস্যনর বাহাদুরের সন ১৮৪৩ সালের ৯ আগষ্টের চিঠীর হুকুম ও সদর আমীনের ঐ সনের ৭ জুলাই তারিখের রুবকারীর অনুযায়ি দেনদারগণের নীচের লিখিত সম্পত্তি নীলামের দিবস প্রস্তাবিত সনের ২২ সেপ্টেম্বর ধার্য্য হওয়ার পর উক্ত সদর আমীনের ঐ সেপ্টেম্বর মাসের ১৯ তারিখের রুবকারীর নীলাম স্থগিতের বিষয়ে পঁহুছনেতেনীলাম স্থগিত ছিল এইক্ষণে ঐ সদর আমীনের কথিত সনের ৬ ডিসেম্বরের রুবকারী ঐ বস্তু নীলাম করণ জন্য পঁহুছে মতে সন ১৭৯৩ সালের ৪৫ আইন ও সন ১৭৯৬ সালের ১২ আইনের মর্ম্মানুসারে দেনদারগণের সম্পত্তি নীচের তফশীলমত সন ১৮৪৪ সালের ২৬ ফেব্রুআরি মোতাবক সন ১২৫০ সালের ১৫ ফাল্গুণ রোজ সোমবার নীলাম হওনের ইস্তাহার দেওয়া যাইতেছে যদি দেনদারান এই ইস্তাহারের লিখিত সমুদয় টাকা নীলামের তারিখ দ্বিতীয় প্রহর দিবসপর্য্যন্ত ডাক আরম্ভ হওয়ার পূর্ব্ব দাখিল না করে তবে ঐ তারিখে দ্বিতীয় প্রহর দিবস বাজিবার সময় এই জেলার কালেক্টরী কাছারী মোকাম বহরমপুরাতে নীলাম হইবেক যে কেহ খরিদের বাসনা রাখহ আপন২ ডাক সংখ্যার ফিশত ১৫৲ টাকার হিসাবে ফিলসমেত হাজির হইয়া আইনমত খরিদ করহ এবিষয় সকলের জ্ঞাত কারণ ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪৪ সাল তারিখ ২০ জানুআরি মোতাবক সন ১২৫০ সাল তারিখ ৮ মাঘ।

নম্বর লাট	নম্বর রেজিষ্টরী	নাম মহাল	নাম তালুকদারান	সদর জমা সালিয়ানা মায় থানাদারি	তায়দাদ রকম যাহা নীলাম হইবেক	তাইন ডিক্রী টাকা মায় খরচা ও সুদ	নীলামী মহালের রাজস্বের বাকী যাহা খরিদারকে দিতে হইবেক।	কৈফিয়ৎ
১	২০০৯	হুদা বিলাসপুর	আতহর হুসেন ও গোলাম মরওজা ও মোকর মা মেসাবিবি ও অপূর্ব্ব মণি ও গুরু দাস রায় ও ব্রজরাজ রায় ও বেণিপ্রসাদ রায়	৩৮৭৩৶৪	অত্র জিলার সদর আমীনের প্রেরিত নক্‌শা অনুযায়ি উক্ত মহালের অন্তঃপাতি জোগাই রকম ।৶৪।১১।১ তাহার সদর জমা ১৫০৩৶০ দেনদারাণের হক নীলাম হইবেক।	সদর আমীনের রুবকারির অনুমায়ি ৮৪৩৷৷/১০ আর আসল ৪৩৩৲ টাকার সুদ ইস্তক সন ১৮৪৩ সালের ২১ জুন লাগাএদ সন ১৮৪৪ সাল ২৫ ফেব্রুআরি মং ৮।৫ রোজের কাত ৩৬।৶২	৬২২।/১০	

৮৮০৲

সদর বোর্ডের সন ১৮৪১ সালের ২০ সেপ্টেম্বর তারিখের ২৫ নম্বরের সরক্যুলর চিঠীর আজ্ঞানুযায়ি বিজ্ঞাপন করা যায় যে উক্ত ভূমির সাবেক মালিকের উপর যে সকল দায় আছে তাহা খরিদারকে অর্শিবেক এবং মহালের পর সরকারের যে দাওয়া থাকে ঐ নীলামের দ্বারা কিছু লোপ হইবেক না ইতি।

Moorshedabad Collectorate, 20th January, 1844. W. J. H. MONEY, *Collector.*

ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা মুরশিদাবাদ এই যে

অত্র জেলার সংক্রান্ত মোকাম জঙ্গিপুরের মুনসেফের ডিক্রীর টাকা রাজকিশোর তেওয়ারি ও জগন্নাথ বাদিগণের পাওনা মৃত কৃপানাথ রায়ের বনিতা হরসুন্দরী দেব্যা ও ভাগিনা গুরুদয়াল বন্দ্যোপাধ্যায় প্রতিবাদিগণের দেনা আদায় কারণ চতুর্দ্দশ বিভাগের প্রবলপ্রাতাপ শ্রীযুত রেবিনিউর কমিস্যনর বাহাদুরের সন ১৮৪৪ সালের ২ জানুআরির চিঠীর হুকুম ও উক্ত মুনসেফের সন ১৮৪৩ সালের ২৮ নবেম্বরের রুবকারীর মর্ম্মানুযায়ি প্রতিবাদিগণের সম্পত্তি নীচের তফশীলমত সন ১৭৯৩ সালের ৪৫ আইন ও সন ১৭৯৬ সালের ১২ আইনানুযায়ি সন ১৮৪৪ সালের ২৬ ফেব্রুআরি মোতাবক সন ১২৫০ সালের ১৫ ফাল্গুণ রোজ সোমবার নীলাম হওনের ইস্তাহার দেওয়া যাইতেছে যদি প্রতিবাদিগণ এই ইস্তাহারের লিখিত সমুদয় টাকা নীলামের তারিখে দ্বিতীয় প্রহর দিবসপর্য্যন্ত ডাক আরম্ভ হওয়ার পূর্ব্ব দাখিল না করে তবে ঐ তারিখে দ্বিতীয় প্রহর দিবস বাজিবার সময় এই জেলার কালেক্টরীর কাছারী মোকাম বহরমপুরাতে নীলাম হইবেক যে কেহ খরিদের বাসনা রাখহ ঐ তারিখে ডাক আরম্ভ হওয়ার পূর্ব্ব আপন২ ডাক সংখ্যার ফিশত ১৫৲ টাকা হিসাবে ফিস সমেত হাজির হইয়া আইনমত খরিদ করহ এ বিষয় সকলের জ্ঞাত কারণ ইস্তাহার দেওয়া গেল ইতি সন ১৮৪৪ সাল তারিখ ১৮ জানুআরি মোতাবক সন ১২৫০। তারিখ ৬ মাঘ।

নম্বর লাট	নম্বর রেজিষ্টরী	নাম মহাল	নাম তালুকদারান	সদর জমা সালিয়ানা	তায়দাদ রুমক যাহা নীলাম হইবেক	তাইন ডিক্রীর টাকা	নীলামী মহালের রাজস্বের বাকী যাহা খরিদারকে দিতে হইবেক।
১	৪৩৩	মৌজে হরিষবাটী	শম্ভুনিসিং হ ও বৈকুণ্ঠনাথ সিংহ	৬৮৫৸/৭ মধ্যে রুকম ।/ আনার জমা ২২৮৷৷/১০	উক্ত মুনসেফের রুবকারী অনুযায়ি এই মহালের রুকম ।/ পাঁচ আনা প্রতিবাদিগণের হক নীলাম হইবেক।	৩৮২৷৷৵৪	২০৪৸/৩

সদর বোর্ডের সন ১৮৪১ সালের ২০ সেপ্টেম্বর তারিখের ২৫ নম্বরের সরক্যুলর চিঠীর আজ্ঞানুযায়ি বিজ্ঞাপন করা যায় যে উক্ত ভূমির সাবেক মালিকের উপর যে সকল দায় আছে তাহা খরিদারকে অর্শিবেক এবং মহালের পর সরকারের যে দাওয়া থাকে ঐ নীলামের দ্বারা কিছু লোপ হইবেক না ইতি।

Moorshedabad Collectorate, 18th January, 1844. W. J. H. MONEY, *Collector.*

ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা মুরশিদাবাদ এই যে

পাটকাবাড়ি শাকীনের মহানন্দ মুখোপাধ্যায় এক কেতা দরখাস্ত এই প্রার্থনায় হুজুরে গুজরায় যে কিং তিলোড়া যাহার সদর জমা ২০৩৷৷৪ টাকা রামসুন্দর সরকারের নামে তাহুত লেখা যায় মজহর উক্ত মহাল ঐ রামসুন্দর সরকারের স্থানে খোস কওয়ালায় খরিদ করিয়া দখিলকার আছে মতে প্রার্থনা রাখে যে সাবেক নাম তবদিলে মহাল মজকুরে মজহরের নাম জারী করা যায় এমতে এস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজহর অন্য কেহ উক্ত মহালের দাবিদার থাকে তবে ১৫ রোজ মধ্যে হুজুরে হাজির হইয়া তাহার দরখাস্ত করে নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪৪ সাল তাং ১১ জানুআরি মোতাবেক সন ১২৫০ সাল তাং ২৮ পৌষ।

Moorshedabad Collectorate, 11th January, 1844. W. J. H. MONEY, *Collector.*

ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা মুরশিদাবাদ এই যে মালিবাড়ি সাকিমের শ্রীরাম মজুমদার ও শ্রীনারায়ণ মজুমদার এক কেতা দরখাস্ত এই প্রার্থনায় হুজুরে গুজরায় যে শাজতাপুর শাকিমের কৃষ্ণগোবিন্দ চক্রবর্ত্তী বীশমত মৌজে দাসপাড়া যাহার সদর জমা ২৫০/১ টাকা নীলামে খরিদ করিয়া সন ১২৪৯ সালের ৯ বৈশাখ তারিখে মজহরদিগের স্থানে খোসকোবালায় বিক্রয় করিয়া রীতিমত কোবালা লিখিয়া দিয়াছে মজহরান খরিদের তারিখহইতে মহাল মজকুরে দখিলকার থাকিয়া সরকারের মালগুজারি আদায় করিয়া আসিতেছে এক্ষণে মজহরান প্রার্থনা রাখে যে উক্ত মহালে উক্ত কৃষ্ণগোবিন্দ চক্রবর্ত্তির নামে খারিজে উহারদিগের নাম জারী হয় এমতে ইস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজহরান উক্ত মহালের কেহ দাবিদার থাকে তবে ১৫ রোজ মধ্যে হুজুরে হাজির হইয়া তাহার দরখাস্ত করে নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪৪ সাল তারিখ ১১ জানুআরি মোং সন ১২৫০ সাল তারিখ ২৮ পৌষ।

Moorshedabad Collectorate, 11th January, 1844. W. J. H. MONEY, *Collector.*

এস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা যশর।

অত্র কালেক্টরীর অন্তঃপাতি মহাল ওকফের সন ১২৪৮ সালের ওসুল তহশীলের জমা ওয়াসিল ইত্যাদি জাগজাত অষ্টাদশ বিভাগের শ্রীযুত কমিস্যনর সাহেবের হুজুরে প্রেরণ হওনানন্তর প্রশংসীয় শ্রীযুত গত ২৫ জুলাই তারিখের ১২৮ নম্বরের ইঙ্গরেজী চিঠীর ৬ দফার আজ্ঞা প্রকাশ করিয়াছেন যে উক্ত মহালের মোতালক পরগণে খালিশপুর ও মহেশ্বর পাসা ইজারা বন্দোবস্ত করার নিমিত্ত এস্তাহার জারী করা যায় সেমতে অদ্যকার রুবকারির হুকুমানুযায়ি সর্ব্ব সাধারণের জ্ঞাতার্থে এস্তাহার দেওয়া যাইতেছে যে উক্ত মহালাত সন ১২৫১ সালহইতে সন ১২৭০ সালপর্য্যন্ত ২০ বৎসর মেয়াদে ইজারা বন্দোবস্ত হইবেক প্রার্থিতগণের উচিত যে জমীনদারের নাম ও জায়দাদের তফশীল সমেত আগামি ২৪ ফেব্রুআরি তারিখের পূর্ব্বে আপন২ দরখাস্ত হজুরে দাখিল করে উক্ত মহালাতের জমা জমীর বিবরণ ও মহালে ওকফ মহালের জাগজাত দৃষ্টে অবগত হইতে পারিবেক প্রার্থিতগণকে জাগজাত দেখানের বিষয় ওকফ মহালের রুবকারী পাঠান গেল ইতি সন ১৮৪৪ সাল তারিখ ৩ জানুআরি।

Zillah Jessore, 3d January, 1844. F. J. MORRIS, *Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৪। ৩০ জানুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 190. ১৯০)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, FEBRUARY 6, 1844.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৪ সাল ৬ ফেব্রুআরি।

CIVIL APPOINTMENTS.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENT.

The 22d January, 1844.

Mr. R. J. Scott, Assistant to the Magistrate and the Collector of Shahabad, is vested with the powers specified in Section XXI. Regulation VIII. of 1831.

LEAVES OF ABSENCE.

The 29th January, 1844.

Mr. A. R. Young, Joint Magistrate and Deputy Collector of Tirhoot, for one month, on private affairs, from the 1st proximo, or from the date on which he may avail himself of the permission.

The 30th January, 1844.

The Reverend Mr. Shepherd, Chaplain of Dacca, for one month, from the 1st proximo, under Section XI. of the Absentee Rules of the 29th January, 1840, revised under date the 17th May, 1843.

NOTIFICATIONS.

The 29th January, 1844.

Mr. W. Maples, of the Civil Service, is reported qualified for the public service by proficiency in two of the Native Languages.

Mr. G. Gough, Civil and Sessions Judge of Sarun, made over charge of the current duties of his office to the Principal Sudder Ameen of that District on the 20th instant.

Mr. H. V. Hathorn, Officiating Civil and Sessions Judge of Sarun, assumed charge of his office from the Principal Sudder Ameen of that District on the 22d instant.

Mr. C. Whitmore, Joint Magistrate and Deputy Collector of Beerbhoom, made over charge of his office to Mr. E. F. Lautour on the 25th instant.

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 6th February*, 1844.]

রাজকর্ম্মে নিয়োগ।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৪ সাল ২২ জানুআরি।

শাহাবাদের কালেক্টর ও মাজিস্ট্রেট সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত আর জে স্কট সাহেব ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৪৪ সাল ২৯ জানুআরি।

ত্রিহুতের জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ আর ইয়ং সাহেব আগামি মাসের ১ তারিখঅবধি অথবা যে তারিখে ছুটী লন্ সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৪৪ সাল ৩০ জানুআরি।

ঢাকার ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি সেপর্ড সাহেব ১৮৪০ সালের ২৯ জানুআরি তারিখের ছুটী প্রাপণের যে বিধান ১৮৪৩ সালের ১৭ মে তারিখে শুধরা গেল তাহার ১১ ধারানুসারে আগামি মাসের ১ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৪ সাল ২৯ জানুআরি।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত ডবলিউ মেপল্‌স সাহেব এদেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হওয়াতে সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে।

সারণের সিবিল ও সেশন জজ শ্রীযুত জি গফ সাহেব বর্ত্তমান মাসের ২০ তারিখে আপনার সিরিশতার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন্।

সারণের এক্‌টিং সিবিল ও সেশন জজ শ্রীযুত এচ বি হেথর্ণ সাহেব বর্ত্তমান মাসের ২২ তারিখে আপন সিরিশতার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের স্থানে গ্রহণ করেন্।

বীরভূমের জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি উইটমোর সাহেব বর্ত্তমান মাসের ২৫ তারিখে আপনার কাছারীর ভার শ্রীযুত ই এফ লাটুর সাহেবের প্রতি অর্পণ করেন।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

LEAVES OF ABSENCE.

The 29th January, 1844.

Mr. B. Golding, Judge of East Burdwan, for eighteen days, on private affairs, commencing from the 1st proximo, or from such date as he may avail himself of the permission, making over charge of the current duties of his office to the Principal Sudder Ameen of the District.

Baboo Chunder Siker Chowdry, Principal Sudder Ameen of Backergunge, for fifteen days, on private affairs, in excess of the Mohurrum vacation.

Baboo Govindpershaud Pundit, Deputy Collector under Regulation IX. of 1833, in Zillah Sylhet, from the 1st to 24th November 1843, in extension of the leave of absence granted to him on the 21st August last.

Permesshur Doss, Sub-Assistant Surgeon at Rungpore, for three months, under Medical Certificate.

Rungloll, Native Doctor of Durrung, in Assam, for three months, on private affairs, in extension of the leave of absence for nine months granted him on the 17th May last.

NOTIFICATIONS.

The 29th January, 1844.

Mr. F. Crank, Superintendent of the Salt Chokeys of Jessore, has been vested with the power of adjudicating cases of contravention of the Salt Laws under Section 25, Act XXIX. of 1838.

The Moonsiffship of Hajeegunge, in the District of Tipperah, has been abolished, and the two Thannahs (Hajeegunge and Ramgunge) of which it was composed, have been annexed to their respective neighbouring Divisions of Toobkibograh and Begumgunge.

The 30th January, 1844.

Mr. R. M. Skinner, Collector of Mymensing, made over charge of the Collectorate to Mr. A. Littledale on the 25th instant.

The 1st February, 1844.

Mr. W. H. Brodhurst, Officiating Deputy Collector of West Burdwan, received charge of his Treasury from Baboo Joynarain Doss, Uncovenanted Deputy Collector, on the 29th ultimo.

The following Extract of a Letter No. 7, of the 29th of November, 1843, from the Honourable the Court of Directors, in the Revenue Department, is published for general information:

"Para. 6. Under the Regulations no person on the Collector's Establishment is permitted to purchase Lands within his District, and we are of opinion that the practice of permitting any Officer in our Service to bid for Lands sold for arrears of Revenue, is very objectionable.

"7. You are already in possession of the instructions we have issued regarding Officers in our Service holding Lands in the Districts in which they are officially employed.

"8. We have also in paras. 17 and 18 of our Judicial Dispatch, dated 2d June, 1841, directed

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৪৪ সাল ২৯ জানুআরি।

পূর্ব্ব বর্দ্ধমানের জজ শ্রীযুত বি গোল্‌ডিং সাহেব আগামি মাসের ১ তারিখে অথবা যে তারিখে ছুটী লন্ সেই তারিখঅবধি স্বীয় কর্ম্মোপলক্ষে আঠার দিনের ছুটী পাইয়াছেন এবং আপন সিরিশতার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিবেন।

বাকরগঞ্জের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু চন্দ্রশেখর চৌধুরী মহরমের বন্দের অতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে ছিলটের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোবিন্দপ্রসাদ পণ্ডিত গত আগষ্ট মাসের ২১ তারিখে যে ছুটী পান্ তাহার অতিরিক্ত ১৮৪৩ সালের নবেম্বর মাসের ১ তারিখঅবধি ২৪ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

রঙ্গপুরের শব-আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত পরমেশ্বর দাস চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

আসামে ডরঙ্গের চিকিৎসক শ্রীযুত রঙ্গলাল গত মে মাসের ১৭ তারিখে যে নয় মাসের ছুটী পান্ তাহার অতিরিক্ত স্বীয় কর্ম্মোপলক্ষে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৪ সাল ২৯ জানুআরি।

যশোহরের নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এফ ক্রাঙ্ক সাহেব ১৮৩৮ সালের ২৯ আইনের ২৫ ধারানুসারে নিমকের আইন লঙ্ঘনকারিদের বিচারকরণের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ত্রিপুরা জিলার হাজীগঞ্জের মুনসেফী পদ রহিত হইয়াছে এবং হাজীগঞ্জ ও রামগঞ্জ নামক যে দুই থানা ঐ স্থানের মুনসেফের অধীনে ছিল তাহা নিকটস্থ থানা টুবকিবোগ্রা এবং বেগমগঞ্জে ভুক্ত হইয়াছে।

১৮৪৪ সাল ৩০ জানুআরি।

মরমুনসিংহের কালেক্টর শ্রীযুত আর এম স্কিনর সাহেব বর্ত্তমান মাসের ২৫ তারিখে আপন কালেক্টরী কর্ম্মের ভার শ্রীযুত এ লিটলডেলু সাহেবের প্রতি অর্পণ করেন্।

১৮৪৪ সাল ১ ফেব্রুআরি।

পশ্চিম বর্দ্ধমানের একটিং ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ এচ ব্রডহর্ষ্ট সাহেব গত মাসের ২৯ তারিখে অচিহ্নিত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু জয়নারায়ণ দাসের স্থানে আপন খাজানাখানার ভার গ্রহণ করেন্।

রেবিনিউ ডিপার্টমেণ্টে শ্রীযুত অনরবিল বোর্ড অফ ডৈরেক্টর্স সাহেবেরদের ১৮৪৩ সালের ২৯ নবেম্বর তারিখের ৭ নম্বরী পত্রের নীচের লিখিত চুম্বক সাধারণ লোককে জানাইবার নিমিত্ত প্রকাশ করা যাইতেছে।

৬ দফা। আইনানুসারে কালেক্টর সাহেবের সিরিশতার কোন লোক সেই কালেক্টরীর মধ্যে ভূমি কিনিতে পারেন্ না এবং আমরা বোধ করি যে বাকী রাজস্বের নিমিত্ত ভূমির যে নীলাম হয় সেই নীলামে ডাকিতে আমারদের কার্য্যে নিযুক্ত কোন কার্য্যকারককে অনুমতি দেওয়া অতি অনুচিত।

৭ দফা। আমারদের কার্য্যে নিযুক্ত কার্য্যকারকেরা যে জিলাতে মোকরর থাকেন্ সেই জিলার মধ্যে ভূমি দখল করণের বিষয়ে আমরা যে হুকুম দিয়াছিলাম তাহা তোমারদের নিকটে পঁহুছিয়াছে।

৮ দফা। জুডিসিয়ল ডিপার্টমেণ্টে ১৮৪১ সালের ২ জুন তারিখের আমারদের পত্রের ১৭ ও ১৮ দফাতে

that Civil Surgeons shall not be permitted to engage in business as Bankers, Traders or Indigo Planters.

"9. Although Medical Officers possess no Civil Authority, and are unconnected with the collection or management of the Revenue, we are nevertheless of opinion, that it is undesirable their attention should be drawn from their regular duties by being concerned in any description of speculation within their immediate Districts, and we therefore direct that the prohibition contained in para. 53* of our Dispatch to the Government of India, dated 23d February, 1842, be extended to Medical Officers appointed to Civil Stations."

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

* Para. 53. We direct the invariable observance of the rule of the Service that no Officer holding Civil authority in a District, shall directly or indirectly be a holder of land, or be concerned in any description of speculation therein.

আমরা হুকুম করিলাম যে দেওয়ানী চিকিৎসক কোন সাহেব মহাজনী কি বাণিজ্য কর্ম্ম কিম্বা নীলকুঠীর কর্ম্ম করিতে অনুমতি পাইবেন না।

৯ দফা। যদ্যপিও চিকিৎসক সাহেবেরদের কোন দেওয়ানী কর্ত্তৃত্ব নাহি এবং রাজস্বের আদায় কি সরবরাহ করণের বিষয়ে তাঁহারদের কোন সম্পর্ক নাহি তথাপি আমরা বোধ করি যে আপন২ জিলার মধ্যে কোন প্রকার তেজারতী কর্ম্মে লিপ্ত হইয়া আপনারদের সরকারী কার্য্য-হইতে তাঁহারদের মন বিকৃত হওয়া অনুচিত। অতএব হুকুম করিতেছি যে ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিকটে আমারদের প্রেরিত ১৮৪২ সালের ২৩ ফেব্রুআরি তারিখের পত্রের ৫৩* ধারায় লিখিত নিষেধ সদর স্থানে নিযুক্ত চিকিৎসক সাহেবেরদের প্রতিও খাটান যায়।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

* ৫৩ দফা। কোন জিলার দেওয়ানী কার্য্যকারক নিজে কি অন্যের দ্বারা সেই জিলায় ভূমির দখল না করণ এবং কোন প্রকার তেজারতী কর্ম্মও না করণের যে বিধান আছে তদনুসারে নিত্যই কার্য্য করিতে হুকুম করিতেছি।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

SALT. নিমক।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম মোং শালিখার গোলার নমুনাদৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন্ আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের বেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	ঘাটের নাম	কোন্ সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর ফি ১০০/ মোন
কটক পাঙ্গা নেমক	শালিখা	১২৪৮ সাল	মোন ২৬০০০/	কোং ৪৩৮৲ টাকা

বোর্ড পরমিট নেমক ও আফিম তাং ৩০ জানুআরি সন ১৮৪৪ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

বাকীজাত নেমক সন ১৮৪৩ সাল তারিখ ৩১ ডিসেম্বর।

হিজলী।					
দক্ষিণ কালীনগর	.. .. ..	১২৪৭ সাল	.. ..		৫০/ মোন
ঐ ঐ	.. .. ..	১২৪৮	.. ..		৭১০৫৭৩৷৷০
ঐ ঐ	.. .. ..	১২৪৯	.. ..		৫২৮২৮৮/
গাছা নেমক	.. .. ..	,,	.. ..		৬১২৮/
উত্তর কালীনগর	.. .. ..	১২৪৭	.. ..		৮৩০২৭/
তেরোপাইকা	.. .. ..	১২৪৮	.. ..		১৭৬২০১/
ঐ	.. .. ..	১২৪৯	.. ..		৩০৪৫০৬/
গাছা	.. .. ..	,,	.. ..		২০৫৭/
কৃষ্ণনগর	.. .. ..	১২৪৮	.. ..		১৪১২৪৩/
ঐ	.. .. ..	১২৪৯	.. ..		৩০৬৩১২/
গাছা	.. .. ..	,,	.. ..		৩০২৬/
রামনগর	.. .. ..	১২৪৮	.. ..		১৩৫২/
ঐ	.. .. ..	১২৪৯	.. ..		২০৪৭২৬/
গাছা	.. .. ..	,,	.. ..		২০৬৮৷৷০

[*Government Gazette, 6th February,* 1844.]

তমলুক

নারায়ণপুর	.. ১২৪৮	.. ..	১৮৪৫৮৭৷৬৸
ঐ	.. ১২৪৯	.. ..	৪৩২৪৭৮/
ক্রোকী	.. ”	.. ..	১৩১২

২৪ পরগনা

নারায়ণপুর বাহিরবুনী	.. ১২৪৮	.. ..	১১২৩/০
ঐ ঐ	.. ১২৪৯	.. ..	৪৯৫৯৷৹
ঐ তফাল	.. ১২৪৮	.. ..	৯৪৮৭৷৹
ঐ ঐ	.. ১২৪৯	.. ..	২৬৩৭৫১৸৹
বেঁওতা	.. ১২৪৮	.. ..	১৫২৷৹
ঐ	.. ১২৪৯	.. ..	২১০১/৪
শ্রীযুত প্রিন্সেপ সাহেবের ১ পহিলা রকম	১২৪৮	.. ..	৩৬৫/
ঐ ঐ ঐ	.. ১২৪৯	.. ..	২৭৫৮/
ঐ ঐ ঐ	.. ১২৫০	.. ..	৬২/
ঐ ঐ ২ দোসরা রকম	.. ১২৪৪	.. ..	২।১
ঐ ঐ ঐ	.. ১২৪৮	.. ..	৯৮।০
ঐ ঐ ঐ	.. ১২৫০	.. ..	১৪৪৯/
ডাইমন হারবোর	.. ১২৪৭	.. ..	২৮৭২/৫
ঐ	.. ১২৪৮	.. ..	২০৯২/
ঐ	.. ১২৪৯	.. ..	১৬৫৭৭/
বাগুণ্ডি	.. ১২৪৮	.. ..	৩১৬।০
ঐ	.. ১২৪৯	.. ..	৪৭৫৪৪/

চট্টগ্রাম

সদর ঘাট	.. ১২৪৯	.. ..	৪৮০২।৪
আরাকীন পাঙ্গা	.. ১৮৪৩।৪৪	.. ..	২০৯২৪/
নেজামপুর ডোমখালি	.. ১২৪৯	.. ..	১১৪৮৬৪।০
ক্রোকী	.. ১৮৪৩	.. ..	৩৷৫

শালিখা।

মান্দ্রাজ পরমিট	.. ১৮৪১।৪২	.. ..	২৯৩৭৸৯
ঐ ঐ	.. ১৮৪২।৪৩	.. ..	৫৯১১৭১৸৫
ঐ ঐ	.. ১৮৪৩।৪৪	.. ..	৫৭৬১৭২৷৹
গুঁড়া সৈন্ধব	.. ১৮৪০।৪১	.. ..	১৬৮/
ক্রোকী করকচ	.. ১৮৪২।৪৩	.. ..	১৪।১
ঐ ঐ	.. ১৮৪৩।৪৪	.. ..	১৪।০
ঐ সৈন্ধব	.. ১৮৪২।৪৩	.. ..	১৮।
ঐ ঐ	.. ১৮৪৩।৪৪	.. ..	৸১
কটক পাঙ্গা	.. ১২৪৭	.. ..	১০৬৪৬/
ঐ ঐ	.. ১২৪৮	.. ..	৬৫৫১৬৸২
ঐ ঐ	.. ১২৪৯	.. ..	৭৮১৮৭/
খোরদা পাঙ্গা	.. ১২৪৮	.. ..	৬২৯২৭/৯
বালেশ্বর পাঙ্গা	.. ১২৪৭	.. ..	১৩৩০৫৭৷১৷
ঐ	.. ১২৪৯	.. ..	১৬৩১৮৮/৭
বালিয়াঘাটা	.. ”	.. ..	১১২/

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি সন ১৮৪৪ সাল তারিখ ২২ জানুআরি।

এচ টরেন্স। সেক্রেটারী।

OPIUM. আফিম।

ফোর্ট উলিয়ম আফিম দফ্তর সন ১৮৪৪ সাল তারিখ ১৮ জানুআরি মোতাবকে সন ১২৫০ সাল তারিখ ৬ মাঘ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৪৪ সাল তারিখ ১২ ফিব্রুআরি মোতাবকে বাঙ্গলা সন ১২৫০ সাল তারিখ ১ ফাল্গুণ সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময় মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে নীচের লিখিত মেকদার সন ১৮৪২।৪৩ সালের পয়দায়শী আফিম সমুদ্রপথে রপ্তানি জন্য নীলামে পশ্চাৎ লিখিত শরতে বিক্রয় হইবেক।

বেহারের পয়দায়শী আফিম——১৫০০

বানারসের পয়দায়শী আফিম——৭০০

জুমলা সিন্দুক——২২০০

নীলামের শরত।

১ দফা। পূর্ব্বোক্ত আফিম সকল সমুদ্রপথে রপ্তানির জন্য বিক্রয় করা যাইবেক এবং এইরূপ রপ্তানির মাল ভিন্ন অন্য কোন বাবতে সর্টিফিকেট দেওয়া যাইবেক না।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৪। ৬ ফেব্রুআরি।]

২ দফা। ফি সিন্দুক আফিম ন্যূন সংখ্যা কোং ৪০০৲ টাকা দরে নীলামে ধরা যাইবেক তাহার উপর যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য দিতে চাহিবেক তাহাকে বিক্রয় করা যাইবেক।

৩ দফা। যদি ঐ দিবসের নীলামে সমুদয় ২২০০ সিন্দুক আফিম বিক্রয় না হয় তবে পরমিট নেমক ও আফিম বোর্ডের সাহেবান আলিসানের এক্তিয়ার রহিল যে যে সকল লাটহায় বাকী থাকিবেক তাহা তাহার পর আগামি নীলামে বিক্রয়ার্থে অর্পণ করিবেন।

৪ দফা। ঐ আফিমের ফি লাট ৫ পাঁচ সিন্দুকে হইবেক।

৫ দফা। ঐ নীলামে আফিম খরিদ করণের সময় নীলাম ঘরের ভিতর ও খরিদারের নামে লাট রেজেষ্টরী হওনের পূর্ব্বে ফি লাট ১০০০৲ টাকার অর্থাৎ ফি সিন্দুক ২০০৲ টাকার হিসাবে আমানত পেশগী বাবতে দর্শনি প্রামিস্বরি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিতে হইবেক আর আগামি ১৬ ফিব্রুআরি শুক্রবার বেলা দুই প্রহর চারি ঘণ্টার পূর্ব্বে বোর্ডের দপ্তরখানায় আসিয়া সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ এওজ দিয়া পূর্ব্বোক্ত দর্শনি প্রামিস্বরি নোট সকল খালাস করিতে হইবেক কিন্তু নিরূপিত সময় মধ্যে যদি খালাস না করে তবে যে সকল লাটহায়ের আমানত পেশগী হিসাবে টাকা সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ দাখিল না হইবেক তাহা বোর্ডের সাহেবান যে সময় ও নিয়ম স্থির করিবেন সেই সময়ে সেই নিয়মানুসারে ছানী নীলামে বিক্রয় হইবেক তাহাতে যে নোকসান ও খরচখরচা পড়িবেক তাহা পূর্ব্বোক্তমতে যাহারদিগের আমানত পেশগী দাখিল করিতে ত্রুটি হইবেক তাহারদিগকে দিতে হইবেক ও মুনফা যদ্যপি হয় তাহা কোম্পানি বাহাদুরের সরকারে জব্দ হইবেক।

৬ দফা। ঐ নীলামের দিবস পূর্ব্বোক্ত শরতমতে যে সকল প্রামিস্বরি নোট লওয়া যাইবেক তাহা যদি আগামী পূর্ব্বোক্ত সন ১৮৪৪ সালের ১৬ ফিব্রুআরি তারিখে খালাস না হয় তবে ঐ সকল নোট কোম্পানির তরফ উকিলের স্থানে দেওয়া যাইবেক তাঁহাকে যেমত উচিত বোধ হইবেক সেই মত তিনি ঐ নোটের বাবত টাকা আদায় করিবেন।

৭ দফা। যে আফিমের বাবত আমানত পেশগী টাকা ১৬ ফিব্রুআরি দিবা দুই প্রহর চারি ঘণ্টার পূর্ব্বে দাখিল না হইবেক তাহার হিসাবে কোন টাকা কিম্বা সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ পশ্চাৎ লওয়া যাইবেক না।

৮ দফা। যে সকল আফিম বিক্রয়ার্থে এক্ষণে এস্তেহার দেওয়া যাইতেছে তাহার কিস্মতের বেবাক টাকা নীলামের তারিখঅবধি এক মাহার মধ্যে দাখিল করিতে হইবেক অর্থাৎ সন ১৮৪৪ সালের ১২ মার্চ মঙ্গলবার দিবা দুই প্রহর চারি ঘণ্টার পর উক্ত কিস্মতের বাবত ত্রেজরি রসিদ আর লওয়া যাইবেক না ও যে আফিমের কিস্মত পূর্ব্ব লিখিত মেয়াদের দিবস কিম্বা মেয়াদের পূর্ব্বে দাখিল হইয়া হিসাব রফা না হইবেক তাহার ঐ পূর্ব্বোক্ত ফি লাট ১০০০৲ হাজার টাকার হিসাবে অথবা ফি সিন্দুক ২০০৲ টাকার হিসাবে আমানত পেশগীর নগদ টাকা অথবা কোন রকম কোম্পানির কাগজ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকিবেক তাহা সরকারে জব্দ হইবেক পরে বোর্ড পরমিট নেমক ও আফিমের সাহেবান আলিসান দ্বারা যে তারিখ যে প্রকার নীলাম করা উচিত বিবেচনা হইবেক সেই দিবস সেই প্রকার ঐ আফিম সরকার বাহাদুরের নিজ হিসাবে বিক্রয় হইবেক।

৯ দফা। যে সকল খরিদারান পূর্ব্বোক্ত মতে বেবাক টাকা দাখিল করিয়া আফিমের সর্টিফিকেট অর্থাৎ আফিম বাহির করিবার হুকুম লইবেক তাহারদিগের এক্তিয়ার রহিল যে আপন খরিদা আফিমের প্রত্যেক সর্টিফিকেটের মধ্যে কত লাট আফিম দরজ করিতে চাহে তাহা বিশেষ করিয়া জানায় কারণ ইহা সপষ্টরূপে জানা কর্ত্তব্য যে পূর্ব্বোক্ত মতে যে সকল সর্টিফিকেট একবার লইয়া যাইবেক তাহাতেই চূড়ান্ত হইবেক এবং ঐ সর্টিফিকেটের পরিবর্ত্তে পশ্চাৎ অন্য কোন সর্টিফিকেট অথবা হুকুম যাহাতে এক এক লাট করিয়া খালাস হইতে পারে অথবা প্রথম যত লাট কিম্বা সিন্দুকের জন্য সর্টিফিকেট দেওয়া যায় তাহা ভিন্ন অন্য কোন প্রকারে কমিবেশী পরিমাণ খালাস হইতে পারে এমত সর্টিফিকেট এওজ দেওয়া যাইবেক না।

১০ দফা। এই এস্তাহারের ৫ দফার লিখিত নিয়মানুসারে আমানতের হিসাবে যে কোন কোম্পানির কাগজ অথবা সবত্রেজরর সাহেবের রসিদ দাখিল করিয়া লইতে হইবেক তাহা কেবল যে সকল খরিদারের নাম সেল বহিতে লেখা থাকে তাহারদিগের নিকটহইতে অথবা তাহারদিগের এজেন্ট অর্থাৎ মোক্তারের নিকটহইতে লওয়া যাইবেক এবং এইমত আমানত পেশগী দাখিলের রসিদ কেবল ঐ পূর্ব্বোক্ত খরিদারের নামে হইবেক ও আফিম মজকুর খালাস হইলে পরে পূর্ব্বোক্ত কোম্পানির কাগজ তাহারদিগের বরাতি লোককে ফেরাইয়া দেওয়া যাইবেক।

১১ দফা। শ্রীযুত সাহেবান আলিসান বোর্ডের তরফ যে সাহেব নীলামে সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন তাঁহার এমত এক্তিয়ার আছে যে তিনি তাঁহার বিবেচনানুসারে কোন ব্যক্তির ডাক অগ্রাহ্য করেন কিন্তু যদিস্যাৎ তাহারা যত লাট খরিদকরণার্থ ডাকিবেক তাহার ফি লাট ১০০০৲ এক হাজার টাকার হিসাবে অর্থাৎ ফি সিন্দুক ২০০৲ টাকার হিসাবে বাঙ্গালবেঙ্ক নোট কিম্বা সবত্রেজরর সাহেবের রসিদ অথবা কোম্পানির কাগজ দাখিল করে তবে তাহারদিগের ডাক অগ্রাহ্য করিবেন না।

১২ দফা। নীলামী খরিদারের এমত এক্তিয়ার আছে যে প্রথম যে লাট খরিদ করিবেক সেই লাট নম্বর হইতে যত লাট সেই মোকামের মাল খরিদ করিতে চাহে তাহা তৎক্ষণাৎ প্রকাশ করিয়া কহে এবং তদনুসারে খরিদ করে এমতে পহিলা লাটঅবধি ৫০ লাটের অধিক না হয় ও ঐ প্রকার খরিদা লাটহায়ের ফি লাট ১০০০৲ টাকা করিয়া ডিপাজিট অর্থাৎ আমানত পেশগী দিতে হইবেক এবং এই দরে অর্থাৎ প্রথম লাটের দরে বাকী লাটহায়ের কিস্মত ফি সিন্দুক হিসাব করিয়া দাখিল করিতে হইবেক এমতে যদিস্যাৎ এত লাট গরবিক্রী থাকে যাহাতে ঐ ৫০ লাট পূরা হইতে পারে তবে পাইবেক নতুবা পাইবেক না।

১৩ দফা। এই এস্তেহারের লিখিত আফিমের বিক্রীসম্পর্কীয় কিম্বা ঐ আফিম হিসাব রফার বিষয়ে কোন বিবাদ অথবা গরমেল উপস্থিত হইলে তাহা সুবে বাঙ্গালার সুপ্রিম কোর্ট আদালতের বিচারে নিষ্পন্ন হইবেক আর খরিদারদিগের মধ্যে কেহ ঐ আদালতের এলাকার অধীন নহে বলিয়া কোন আপত্তি করিলে গ্রাহ্য হইবেক না।

১৪ দফা। নীচের তফশীল মাফিক কাগজাত ও যে আফিম বিক্রয় হইবেক তাহার নমুনা নীলামের দিবস দেখান যাইবেক অথবা তাহার পূর্ব্বে বোর্ড পরমিট নেমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় অনুসন্ধান করিলে দেখিতে পাওয়া যাইবেক।

[*Government Gazette, 6th February*, 1844.]

১ নং যে আফিম বিক্রয় কারণ এইক্ষণে এস্তেহার হইল তাহার সর্টিফিকেট।

২ নং ঐ আফিম তজবিজের রিপোর্ট।

১৫ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৪২। ৪৩ সালের বেহার ও বানারসের আফিম তৈয়ারি কারণ গত সনহায়ের মত এহতিয়াত ও খবরদারি করা গিয়াছে বিশেষত আফিমের নোচ সুদ্ধা নিভাঁজ প্রস্তুত করিয়া পাঠাইতে এবং ওটি তৈয়ারি কারণ নিয়মিত পরিমাণ পাতি ব্যবহার করিতে এবং প্রতিগুটিতে সমান ভাগ আফিম রাখিতে সাবধান হওয়া গিয়াছে আফিম মজকুরের বেহার ও বানারসের মোকামি ওজনের হিসাব ও ঐ মোকামের ফি চালানহইতে ৬ ছয় সিন্দুক করিয়া কলিকাতায় যে ওজন করা যায় তাহার গড় ওজনের হিসাব বোর্ড পরমিট নেমক ও আফিমের সেক্রেটারী সাহেবের দপ্তরখানায় তত্ত্ব করিলে দেখিতে পাওয়া যাইবেক।

১৬ দফা। গত দুই সনের পয়দায়শী যে চারি সিন্দুক বেহার ও বানারসের আফিম রাখা গিয়াছে তাহা নীলামের দিবস খরিদারান লোককে সেখান যাইবেক তদ্দৃষ্টে বেপারিআন বিবেচনা করিতে পারিবেক যে কি প্রকার নির্বিঘ্নাবস্থায় ঐ আফিম রহিয়াছে।

১৭ দফা। সকলকে জ্ঞাত করা যাইতেছে যে উপরের লিখিত মেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত মেকদার বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমিবেশি হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক।

	বেহারের আফিম সিন্দুক	বানারসের আফিম সিন্দুক	জুমলা সিন্দুক
১৫ এপ্রেল অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ———	৩০০	১৩০০	৪৩০০
২০ মে অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ———	১৫০০	৭০০	২২০০
২৪ জুন অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ———	২৫৪৪	১১০৬	৩৬৫০
	৭০৪৪	৩১০৬	১০১৫০

বেহারের আফিম

†ফেব্রুআরি মাহার নীলামে ১০

এপ্রেল ঐ ঐ ১১০

মে ঐ ঐ ২৫

জুন ঐ ঐ ১৫৫

সিন্দুক ৩০০

১৮ দফা। ইঙ্গরেজি ও ফরাসিস উভয় সন ১৮১৫ সালের ৭ মার্চ তারিখে এক-রারনামার ৬ দফা বিমৌজীব ফরাসের হাকিমানকে ৩০০ সিন্দুক আফিম দেওয়া যায় তাহা হাশীয়ার লিখিত দফাঅনুসারে লওনার্থে তাঁহারা দরখাস্ত করিয়াছেন তদর্থে এস্তেহার দেওয়া যাইতেছে যে যদ্যপি নিয়মিত মেয়াদ মধ্যে অর্থাৎ নীলামের দিবসঅবধি এক মাহার মধ্যে ঐ আফিমের তাবৎ অথবা তাহার মধ্যে কতক আফিম খালাস না করেন তবে সেই আফিম কিম্বা যে পরিমাণ আফিম গরখালাসি থাকিবেক তাহা হয় কিস্মত আদায়ের মেয়াদ গতে যে নীলাম উপস্থিত হইবেক সেই নীলামে অথবা এক স্বতন্ত্র নীলামে বিক্রয় করা যাইবেক।

বিমৌজিব হুকুম সাহেবান আলিসান বোর্ড পরমিট নেমক ও আফিম ইতি। এচ টরেন্স। সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্তিহার।

ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা মুরশিদাবাদ এই যে

লনাহাটী সাকিনের গঙ্গাপ্রসাদ শাহা এক কিতা দরখাস্ত এই মর্ম্মে হজুরে গুজরাইলেক যে মুনশী আছনার তালুক রামকৃষ্ণবাটী যাহার সদর জমা ২২।৬ পাই উক্ত মুনশীর স্থানে গুরুদয়াল চৌধুরী খরিদ করিয়া মজহরের স্থানে খোস কোবালায় বিক্রয় করে এমতে মজহর প্রার্থনা রাখে যে সাবেক নাম তবদীলে মহাল মজকুরে মজহরের নাম জারী হয় এবিধায় এস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজহর অন্য কেহ উক্ত মহালের দাবিদার থাকে তবে ১৫ রোজ মধ্যে হজুরে হাজির হইয়া তাহার দরখাস্ত করে নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪৪ সাল ২০ জানুআরি মোতাবক সন ১২৫০ সাল তারিখ ৮ মাঘ।

Moorshedabad Collectorate, 20th January, 1844. W. J. H. MONEY, *Collector.*

ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা মুরশিদাবাদ এই যে

লনাহাটী সাকিনের গঙ্গাপ্রসাদ শাহা এক কিতা দরখাস্ত এই মর্ম্মে গুজরায় যে হনুমান সিংহের তালুক কীং জোত নিধি যাহার সদর জমা কোম্পানির সং ৩২।৩ পাই মজহর উক্ত হনুমান সিংহের স্থানে খোস কোবালায় খরিদ করিয়া উক্ত মহালে দখিলকার আছে মতে মজহর প্রার্থনা রাখে যে মহাল মজকুরে সাবেক নাম তবদীলে মজহরের নাম জারী করা যায় এমতে এস্তাহার দেওয়া যাইতেছে যে সেওয়ায় মজহর অন্য কেহ উক্ত মহালের দাবিদার থাকে তবে ১৫ রোজ মধ্যে হজুরে হাজির হইয়া তাহার দরখাস্ত করে নচেৎ মেয়াদ গতে উচিত হুকুম হইবেক ইতি সন ১৮৪৪ সাল তারিখ ২০ জানুআরি মোতাবক সন ১২৫০ সাল তারিখ ৮ মাঘ।

Moorshedabad Collectorate, 18th January, 1844. W. J. H. MONEY, *Collector.*

এস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা যশর।

অত্র কালেক্টরীর অন্তঃপাতি মহাল ওকফের সন ১২৪৮ সালের ওসুল তহশীলের জমা ওয়াসিল ইত্যাদি কাগজাত অষ্টাদশ বিভাগের শ্রীযুত কমিস্যনর সাহেবের হুজুরে প্রেরণ হওনানন্তর প্রশংসীয় শ্রীযুত গত ২৫ জুলাই তারিখের ১২৮ নম্বরের ইঙ্গরেজী চিঠীর ৬ দফার আজ্ঞা প্রকাশ করিয়াছেন যে উক্ত মহালের মোতালক পরগণে খালিশপুর ও মহেশ্বর পাসা ইজারা বন্দোবস্ত করার নিমিত্ত এস্তাহার জারী করা যায় সেমতে অদ্যকার রুবকারির হুকুমানুযায়ি সর্ব্ব সাধারণের জ্ঞাতার্থে এস্তাহার দেওয়া যাইতেছে যে উক্ত মহালাত সন ১২৫১ সালহইতে সন ১২৭০ সালপর্য্যন্ত ২০ বৎসর মেয়াদে ইজারা বন্দোবস্ত হইবেক প্রার্থিতগণের উচিত যে জমীনদারের নাম ও জায়দাদের তফশীল সমেত আগামি ২৪ ফেব্রুআরি তারিখের পূর্ব্বে আপন২ দরখাস্ত হজুরে দাখিল করে উক্ত মহালাতের জমা জমীর বিবরণ ও মহালে ওকফ মহালের কাগজাত দৃষ্টে অবগত হইতে পারিবেক প্রার্থিতগণকে কাগজাত দেখানের বিষয় ওকফ মহালের রুবকারী পাঠান গেল ইতি সন ১৮৪৪ সাল তারিখ ৩ জানুআরি।

Zillah Jessore, 3d January, 1844. F. J. MORRIS, *Collector.*

SHERIFF'S SALES.

সরিফের নীলাম।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ভৈরবনাথ অবস্থি এবং গঙ্গেশপ্রসাদের নামে বেন্দিসিয়োনৈ এক্সপোনাস নামক যে এক পরওয়ানা কলিকাতার সরিফ সাহেবের হাতে আছে তাহার ক্ষমতাতে তিনি বর্ত্তমান ফেব্রুআরি মাসের ৮ তারিখ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময়ে সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারাণ্ডায় সরিফ সাহেবের দপ্তরখানায় প্রবেশ দ্বারের নিকটে নীচের লিখিত বিষয় নীলাম করিবেন।

বিশেষতঃ কলিকাতা শহরের আমড়াতলার গলীতে প্রেমচাঁদ মুনশীর এক খণ্ড রাইয়তী ভূমির উপর যে এক খাপরাল ঘর আছে তাহার সরঞ্জাম।

এবং উক্ত স্থানে বিশ্বম্ভর রায়ের এক খণ্ড রাইয়তী ভূমির উপর যে এক খাপরাল ঘর আছে তাহার সরঞ্জাম।

এবং উক্ত ভৈরবনাথ অবস্থি ও গঙ্গেশপ্রসাদের তিনখান পালকী গাড়ি ও পাঁচটা ঘোড়া এবং সাজ ইত্যাদি।

সরিফ সাহেবের দপ্তরখানায় অন্বেষণ করিলে নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

INSOLVENT COURT.

যোত্রহীনেরদের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

NOTICE is hereby given, that by an order of the said Court, in the matter of the Petition of HURROMOHUN CHUNDER, late of Puttoldangah, in the Town of Calcutta, now residing at Ariahdah in the 24-Pergunnahs, in the Province of Bengal, are appointed to be heard in the said Court, on Saturday, the 2d day of March next.

The names of the separate Creditors of the said HURROMOHUN CHUNDER now appear in a Schedule filed in the office of the chief Clerk of the said Court, to which any Creditors may refer.

H. MARTINDELL.

29th January, 1844.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Petition of ELIZABETH JONES, widow, late of Cossitollah, in the Town of Calcutta, Inhabitant, and now a prisoner for Debt confined in the Common Gaol of Calcutta, seeking the benefit of the Act of the Ninth year of the Reign of his late Majesty, George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, &c. are appointed to be heard by the said Court, on Saturday, the second day of March next.

The names of the Creditors of the said ELIZABETH JONES appear in a Schedule filed with her said Petition in the Office of the chief Clerk of the said Court, to which any Creditor may refer.

MARSHALL AND WALLER,
Insolvent's Attornies.

No. 4, Mission Row, 26th January, 1844.

NOTICE is hereby given, that by an order of the said Court, the matters of the Schedule of LUCKEYNARAIN GOOPTOO, late of Punchanuntollah, in the Town of Calcutta, but at present residing at Gurpa, in the District of the Twenty-four Pergunnahs, in the Province of Bengal, Mer-

[*Government Gazette, 6th February,* 1844.]

শহর কলিকাতার যোত্রহীন ঋণিরদের পরিত্রাণার্থ আদালত।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বে বাঙ্গলা প্রদেশের কলিকাতা শহরের পটলডাঙ্গানিবাসী এবং এক্ষণে চব্বিশপরগনার আঁড়িয়াদহ নিবাসী

হরমোহন চন্দ্রের

দরখাস্তের বিষয় উক্ত আদালতের হুকুমক্রমে আগামি মার্চ মাসের ২ তারিখ শনিবারে উক্ত আদালতে শুনা যাইবেক।

উক্ত হরমোহন চন্দ্রের প্রত্যেক মহাজনের নামের এক তফসীল উক্ত আদালতের প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় দাখিল হইয়াছে মহাজনেরা তাহা দেখিতে পারিবেন।

এচ মার্টিণ্ডেল।

১৮৪৪। ২৯ জানুআরি।

ইস্তাহার যে শহর কলিকাতার কসাই টোলানিবাসি

ইলিজেবেথ জোন্স

বিধবা এবং এক্ষণে কলিকাতার প্রধান কারাগারে বন্ধ আছেন তাঁহার দরখাস্তের তাৎপর্য্য অর্থাৎ গত চতুর্থ জর্জ নামক রাজার অধিকারের নবম বৎসরের নিয়ম যাহা ভারতবর্ষে সকল অক্ষম দেনাদারের উপকারার্থে হইয়াছে সেই নিয়মঅনুসারে আপন উদ্ধারের জন্য প্রার্থনা করেন ঐ দরখাস্ত শ্রবণ জন্য আগামি ২ মার্চ শনিবার ঐ আদালতে নির্দ্ধারিত হইয়াছে।

ঐ ইলিজেবেথ মহাজনদিগের নাম এক ফর্দ্দে নির্দ্দিষ্ট করিয়া তাঁহার দরখাস্তের সম্বলিত ঐ আদালতের প্রধান ক্লার্কের দপ্তরখানায় দাখিল হইয়াছে তাহাতে যে মহাজনের বাঞ্ছা হয় সেই দপ্তরখানায় গিয়া দেখিবেন।

মারসাল এণ্ড ওয়ালর।

ইনশালবেণ্টের উকীল।

নং৪ মিসিয়ান রো। ২৬ জানুআরি ১৮৪৪।

সকলকে খবর দেওয়া যাইতেছে যে ঐ আদালতের হুকুমানুসারে শহর কলিকাতার পঞ্চানন তলানিবাসি

লক্ষ্মীনারায়ণ গুপ্ত

এক্ষণে সুবে বাঙ্গালা জেলা চব্বিশপরগনার গরপে মোকামে বাস করিতেছেন সওদাগর এবং সিপরাইট সম্প্রতি আলেকজাণ্ডার তাম এণ্ড কোম্পানি ফারমে আ-

chant and Shipwright, and lately carrying on trade and business as shipwright in Calcutta, in copartnership with Alexander Thom, under the style or Firm of Alexander Thom and Company, against whom an adjudication of Insolvency was made and pronounced by this Court, on the 16th day of December, 1843, on the application of one Mudoosoodun Chatterjee, a separate Creditor of the said Luckeynarain Gooptoo, under the Provision of an Act of Parliament made and passed in the Ninth year of the Reign of his late Majesty King George the Fourth, entitled an Act to provide for the Relief of Insolvent Debtors in the East Indies, are appointed to be heard in the said Court, on Saturday, the 2d day of March next.

The names of the Creditors of the said LUCKEYNARAIN GOOPTOO, appear in a Schedule filed in the office of the Chief Clerk of the said Court, to which any Creditor may refer.

NATHL. HUDSON,
Attorney for Insolvent.

Calcutta, 3d February, 1844.

লেকজাণ্ডার সহিত বকরায় উক্ত কলিকাতায় কর্ম্ম করিতেন এবং সন ১৮৪৩ সালের ১৬ ডিসেম্বর তারিখে তাহার মহাজন মধুসূদন চাটুর্য্যা আর্জ্জিঅনুসারে তাহার উপর ইনসালবেণ্ট লওনের হুকুম হয় তাহার তাৎপর্য্য অর্থাৎ গত রাজার অধিকারের নবম বৎসরের নিয়ম যাহা ভারতবর্ষের সকল অক্ষম দেনাদারের উপকারার্থে হইয়াছে সেই নিয়মানুসারে আপন উদ্ধারের নিমিত্তে প্রার্থনা করেন ঐ বিষয় শ্রবণের নিমিত্তে আগামি ২ মার্চ শনিবার দিবস ঐ আদালতে নির্দ্ধারিত হইয়াছে।

ঐ লক্ষ্মীনারায়ণ গুপ্তের মহাজনদিগের নাম এক ফর্দ্দে নির্দ্দিষ্ট করিয়া ঐ আদালতের প্রধান ক্লার্কের দপ্তরখানায় দাখিল হইয়াছে তাহাতে যে মহাজনের বাঞ্ছা হয় ঐ দপ্তর খানায় গিয়া দেখিবেন ইতি।

কলিকাতা ২ ফেব্রুআরি ১৮৪৪ সাল।

নেথানিএল হড়সন।
ইনসালবেণ্টের উকীল।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

FOR SALE.

2 well known Elephants, at 1000 and 750 Rs. each.

2 Hill Tents, very little used; one with wooden flooring for damp climates, ... 350

The other plain, ... 200

1 Bottleconnah Ditto, ... 50

Apply to Messrs. Mackillop, Stewart and Co., Calcutta.

বিক্রয়ার্থ।

২ টা অত্যুত্তম হস্তী মূল্য ... ... ১০০০৲ ও ৭৫০৲

২ টা পর্ব্বতীয় তাম্বু প্রায় ব্যবহার হয় নাহি আর্দ্র ভূমির দোষ নিবারণের নিমিত্ত একটার তক্তার মাজিয়া আছে ... ... ৩৫০৲

অন্য একটা সাধারণ ... ... ২০০৲

এক বোতলখানার তাম্বু ... ... ৫০৲

কলিকাতায় শ্রীযুত মাকিলপ ষ্টয়ার্ট কোম্পানির স্থানে অনুসন্ধান করিতে হইবেক।

বিজ্ঞাপন।

জ্ঞাপন করা যাইতেছে যে শ্রীরামপুরে শ্রীমনোহর মিস্ত্রির ছাপাখানায় নবদ্বীপসম্মতা নূতন পঞ্জিকা উত্তম কাগজে মুদ্রাঙ্কিতা হইয়া প্রস্তুতা হইয়াছে মূল্য ॥০ আট আনামাত্র। এবং ঐ মিস্ত্রির নিকটে মূল্য পাঠাইলে তিনিই গ্রাহকের নিকটে পঞ্জিকা পাঠাইবেন। তন্নিমিত্ত গেজেট সম্পাদকের নামে পত্র লিখিবার আবশ্যক নাই।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৪। ৬ ফিব্রুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জান কাশমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট্

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, FEBRUARY 13, 1844.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৪ সাল ১৩ ফেব্রুআরি।

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 1.

To the Several Civil Judges in the Lower Provinces.

1st. The Court, having observed much diversity of practice in the distribution of assets among several Decree-holders under the rule prescribed by Constructions of the Sudder Dewanny Adawlut, Nos. 935 and 1056, are disposed to attribute it principally to a misunderstanding of the term "process of attachment," therein occurring, and are pleased accordingly, to promulgate, for general information and observance, the result of a correspondence which has lately passed between the two Courts of Sudder Dewanny Adawlut on the subject.

2nd. It has been ruled, that "the process of attachment" referred to in the Constructions cited, is the process issued by any *Judicial* Authority, for attachment of property, on the application of any Decree-holder suing out execution of his Decree; and that all Decree-holders, who may have procured the issue of such order, prior to the distribution of assets realized by a sale of property, made in execution of a former order, are entitled to a rateable share in those assets.

3rd. The distribution, however of assets realized by sale of property, is directed by Circular Order Sudder Dewanny Adawlut, No. 1, dated 6th June, 1828, to be held in abeyance, until the period allowed by Clause 3, Section 3, and Clause 1, Section 5, Regulation VII. of 1825, for preferring objections to the sale with a view to its annulment, shall have expired, and is further liable to other impediments, which it is frequently impossible to foresee or prevent. With the object, therefore of obviating the embarrassment too often occasioned by the multitude of claimants, who are by the present

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

১ নম্বর

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত প্রত্যেক দেওয়ানীর কার্য্যকারক বরাবরেষু।

১। সদর দেওয়ানী আদালতের ৯৩৫ ও ১০৫৬ নম্বরী আইনের অর্থের বিধির অনুসারে নানা ডিক্রীদারের মধ্যে সম্পত্তির যে বিভাগ হয় তাহার বিষয়ে নানা প্রকার ব্যবহার হইতেছে দেখিয়া সদর দেওয়ানী আদালত বোধ করেন যে ঐ আইনের অর্থের মধ্যে "ক্রোকের হুকুম" এই কথার প্রকৃত অভিপ্রায় বোধ না হওয়াতে এই প্রকার বৈলক্ষণ্য হইতেছে। অতএব এই বিষয়ে উভয় সদর দেওয়ানী আদালতের সম্প্রতি যে লিখনপঠন হইয়াছে তাহার ফল সকল লোকের বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্ত প্রকাশ করিতেছি।

২। বিধান হইয়াছে যে ঐ আইনের অর্থের মধ্যে "ক্রোকের হুকুম" ইহার অর্থ আদালতসম্পর্কীয় কোন কার্য্যকারক ডিক্রীদারের আপন ডিক্রী জারী করণের দরখাস্তক্রমে সম্পত্তি ক্রোকের নিমিত্তে যে হুকুম দেন। এবং পূর্ব্বকার হুকুম জারী করণার্থ সম্পত্তি নীলাম করিয়া যে টাকা পাওয়া যায় তাহা বিলি হওনের পূর্ব্বে যে সকল ডিক্রীদার ঐ প্রকার হুকুম জারী করাইয়া থাকে তাহারা ঐ টাকার মধ্যে আপন২ দাওয়ামতে অংশ পাইতে পারে।

৩। কিন্তু ১৮২৮ সালের ৬ জুন তারিখের ১ নম্বরী সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডরে হুকুম আছে যে নীলাম অসিদ্ধ করণার্থ ওজর জানাইবার যে মিয়াদ ১৮২৫ সালের ৭ আইনের ৩ ধারার ৩ প্রকরণ এবং ৫ ধারার ১ প্রকরণে নির্দ্দিষ্ট আছে তাহা যাবৎ অতীত না হয় তাবৎ সম্পত্তির নীলামক্রমে প্রাপ্ত টাকা বণ্টন হইবেক না। এবং ঐ বণ্টনের অন্যান্য ও ব্যাঘাত আছে কিন্তু তাহা অগ্রে জানা যাইতে পারে না এবং তাহা নিবারণও হইতে পারে না। অতএব চলিত নিয়মানুসারে ভূরি২ দাওয়াদার উপস্থিত হইতে যে আশঙ্কা পায় তৎপ্রযুক্ত বারম্বার যে বিঘ্ন জন্মে তাহা নিবারণার্থ সদর আদালত হুকুম করিতেছেন যে নীলাম হওনের

system encouraged to come forward, the Court direct that thirty days after the sale has been holden, award of distribution, in regard to the claims of all Decree-holders theretofore admitted, (without reference to the possibility, or otherwise, of giving immediate effect to such award,) shall invariably issue, and that on the finality of the sale, the assets in deposit shall be distributed in accordance therewith. Subsequent to the declaration of the "award of distribution," no claims to participation in the proceeds of sale, shall be received.

4th. The Civil Judges will be careful to see that their subordinates fully understand the purport of these instructions, and strictly adhere to them in practice.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, 26th January, 1844.

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY AND NIZAMUT ADAWLUT.

No. 2.

To the Several Civil and Criminal Authorities in the Lower Provinces.

An instance having come to the knowledge of the Government of Native Ministerial Officers being entertained on lower Salaries than those fixed by the Government for the Situations they held, and the difference carried to the Public credit, the Court, in pursuance of instructions received by them, intimate to the different Officers under their control that the Honourable the Deputy Governor considers this practice to be extremely objectionable, and desires that it may not, under any circumstances be repeated.

W. KIRKPATRICK, *Deputy Register.*

Fort William, 19th January, 1844.

NOTIFICATION.

An examination will be held by the Council of Education in the Medical College on or about the 19th March of all Candidates for the stipendiary vacancies in the Medical College, seven in number.

The amount of the stipend is Rs. 8 per month tenable for five years. No persons will be allowed to compete who are under the full age of 16 years or above that of 20 on any account whatever.

The Candidates must present themselves before the Secretary to the College three days prior to the day of examination in order that they may be identified, as the persons really desiring admission.

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৪। ১৩ ফেব্রুআরি।]

পর ত্রিশ দিনের মধ্যে যে সকল ডিক্রীদারের দাওয়া মঞ্জুর হয় তাহারদের মধ্যে ঐ টাকা বণ্টন করণের হুকুম নীলাম হওনের ত্রিশ দিন পরে নিয়ত দেওয়া যাইবেক (সেই হুকুম তৎক্ষণাৎ জারী হইতে পারে কি না সেই বিষয় কিছু বিবেচনা করা যাইবেক না) এবং যে টাকা আমানৎ হইয়াছিল তাহা নীলাম সিদ্ধ হওনানন্তর ঐ হুকুমক্রমে বণ্টন হইবেক। "বণ্টনের হুকুম" প্রকাশ হওনের পর ঐ নীলামের টাকার অংশ পাইবার নিমিত্ত কোন নূতন দাওয়া হইলে তাহা গ্রাহ্য হইবেক না।

৪। দেওয়ানীর জজ সাহেবেরদের প্রতি হুকুম হইল যে এই উপদেশের অভিপ্রায় তাঁহারদের অধীন কার্য্যকারকদিগকে সম্পূর্ণরূপে বুঝান্ এবং তাঁহারা এই নিয়মের মতে অবিকলরূপে কার্য্য করেন্।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১৮৪৪। ২৬ জানুআরি।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ফৌজদারী ও দেওয়ানীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

গবর্ণমেণ্ট অবগত হইয়াছেন্ যে এদেশীয় আমলারদের পদের যত বেতন সরকারহইতে নিরূপণ হইয়াছে তাহার কম বেতনে কোন২ আমলা নিযুক্ত হইয়াছেন এবং অবশিষ্ট টাকা সরকারে জমা হইয়াছে অতএব সদর আদালতের সাহেবেরা গবর্ণমেণ্টের স্থানে আজ্ঞা পাইয়া আপনারদের অধীন নানা কার্য্যকারক সাহেবকে জানাইতেছেন যে শ্রীযুত অনরবিল ডেপুটী গবর্নর সাহেব এই ব্যবহার অতিঅনুপযুক্ত বোধ করেন্ এবং তাহা পুনর্ব্বার কোন মতেই না করা যায় এমত হুকুম করিয়াছেন।

ডবলিউ কর্কপাত্রিক। ডেপুটী রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৪৪। ১৯ জানুআরি।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

বিজ্ঞাপন।

মেডিকেল কালেজে বৈতনিক সাত ছাত্রের পদ শূন্য হইয়াছে এবং মার্চ মাসের ১৯ তারিখে বিদ্যাধ্যাপনের কৌন্সেলের দ্বারা ঐ২ পদাকাঙ্ক্ষি ব্যক্তিরদের মেডিকেল কালেজে ইমতিহান হইবেক।

ঐ২ পদের বেতন মাসিক ৮ টাকা এবং ঐ পদ পাঁচ বৎসরপর্য্যন্ত ভোগ হইতে পারে এবং কোন ব্যক্তির ষোল বৎসরের ন্যূন কুড়ি বৎসর বয়সের উর্দ্ধ হইলে তাহার প্রতি ঐ উপদ প্রাপণার্থ দ্যোগ করিবার অনুমতি হইবেক না।

যাহারা নিতান্তই ঐ পদ প্রাপণের ইচ্ছা রাখে তাহারদিগকে ইমতিহানের দিনে চেনা যায় এই নিমিত্ত ঐ ইমতিহানের দিনের তিন দিবস থাকিতে তাহারা ঐ কালেজের সেক্রেটারী সাহেবের নিকটে উপস্থিত হইবেক।

All candidates will be expected to possess a thorough knowledge of English, so as to be able to read, write, and enunciate it with fluency, and facility. They must be able to analyze a passage in Milton's Paradise Lost, Robertson's Histories or works of a similar classical standard, be acquainted with Arithmetic as far as the Rules of proportion, and bring certificates from the Head Master of the Schools in which they have studied, expressly stating that they possess the information required, and are capable of undergoing the ordeal proposed. The preference in selection will always be given to those who possess the greatest amount of information in the above mentioned branches of Elementary Education.

Pupils of the Schools and Colleges in the Upper Provinces are informed that 3 Scholarships of 10 Rs. per month each in addition to the College stipend of Rs. 8 are open to all who are willing to compete for them. The following are the conditions on which they will be allowed to contend.

No boy from the Upper Provinces shall on any account be admitted as a Student of the College under the age of 16 or above that of 20 years of age.

The stipends of all students who may obtain Robertson's Scholarships with a view to study the Medical profession in Calcutta, shall be fixed at 10 Rupees per month tenable for four years, in addition to which they shall receive the usual College allowance when admitted as stipendiary Students ; viz. 8 Rs. per mensem. The examination and other qualifications for admission shall be the same as those detailed in Paragraph 4 of this notification.

(By order,)

F. J. Mouat, M. D.,

Secretary.

Council of Education, 18th January, 1844.

ঐ পদাকাঙ্ক্ষি ব্যক্তিরদের আবশ্যক যে ইঙ্গরেজী ভাষা অতিউত্তমরূপে জানে এবং অনায়াসে পাঠ করিতে ও লিখিতে এবং উচ্চারণ করিতে পারে। তাহারদের আরো আবশ্যক যে মিলটনের পারাডৈস লষ্ট ও রাবর্টসনের ইতিহাস পুস্তক এবং আর২ প্রধান পুস্তকের কোন কথার অর্থ স্বচ্ছন্দে করিতে পারে এবং তাহারদের কসামাজাপর্য্যন্ত গণনা বিদ্যায় জ্ঞান থাকে এবং তাহারদের এমত জ্ঞান থাকনের বিষয়ের এবং নির্দ্দিষ্টমত ইমতিহান দিবার যোগ্য এই বিষয়ের এক সর্টিফিকট তাহারা যে বিদ্যালয়ে শিক্ষা করিয়াছে তাহার প্রধান শিক্ষকের স্থানহইতে তাহারদের আনিতে হইবেক। উক্ত প্রকার সকল বিদ্যাতে যাহারদের অধিক জ্ঞান থাকে তাহারা কর্ম্মাকাঙ্ক্ষির মধ্যে অগ্রগণ্য জ্ঞান হইবেক।

উত্তরপশ্চিম দেশের সকল বিদ্যালয়ের এবং কালেজের ছাত্রেরদিগকে জ্ঞাপন করা যাইতেছে যে কালেজহইতে মাসিক যে ৮৲ টাকা বেতন দেওয়া যায় তদতিরিক্ত মাসিক দশ২ টাকা করিয়া তিনটা বৃত্তি শূন্য আছে যাহারা ইচ্ছুক হয় তাহারা সেই বৃত্তি পাইবার নিমিত্ত উদ্যোগ করিতে পারে। ঐ বৃত্তির বিষয়ে নীচের লিখিত নিয়ম নির্দ্ধার্য্য হইল।

উত্তর পশ্চিম দেশের কোন ছাত্রের ষোল বৎসরের ন্যূন কি কুড়ি বৎসরের অধিক বয়স হইলে সেই জন কালেজের ছাত্রস্বরূপ কোন মতেই গ্রাহ্য হইবেক না।

কলিকাতার চিকিৎসা বিদ্যা শিক্ষা করণার্থ যে সকল ছাত্রেরা রাবর্টসনের বৃত্তিভোগী হয় তাহারা চারি বৎসরপর্য্যন্ত দশ টাকা মাসিক বেতন পাইবেক এবং তদ্ভিন্ন কালেজের বৈতনিক ছাত্রস্বরূপ গ্রাহ্য হইলে কালেজহইতে যে আট টাকা মাসিক বেতন নির্দ্দিষ্ট আছে তাহা পাইবেক। এই বিজ্ঞাপনের চতুর্থ দফানুসারে ছাত্রেরদের যে২ পুস্তকে পরীক্ষা দেওনের এবং যেপর্য্যন্ত জ্ঞান প্রাপণের আবশ্যক এই বৃত্ত্যাকাঙ্ক্ষি ব্যক্তিরদেরও সেই২ পুস্তকে পরীক্ষা দেওন এবং সেইপর্য্যন্ত জ্ঞান প্রাপণের আবশ্যক।

(হুকুমক্রমে।)

এফ জে মৌআট। সেক্রেটারী।

বিদ্যাধ্যাপনের কৌন্সেল।

১৮৪৪। ১৮ জানুআরি।

CIVIL APPOINTMENTS.

No. 185.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

LEAVES OF ABSENCE.

The 5th February, 1844.

Mr. E. A. Blundell, of the Honourable Company's Civil Service, on the Penang Establishment, to proceed to Europe on Furlough.

Mr. G. G. Mackintosh, Officiating Magistrate and Collector of Cuttack, for twenty days, from the 1st idem, on Medical Certificate, cancelling the unexpired portion of fifteen days' leave granted to him on the 12th ultimo on private affairs.

Pundit Sreeram Turkolunkar, Sudder Ameen of Midnapore, during the Mohurrum vacation.

[*Government Gazette*, 13*th February*, 1844.]

রাজকর্ম্মে নিয়োগ।

১৮৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৪৪ সাল ৫ ফেব্রুআরি।

পুলোপিনাঙ্গের সিরিশ্‌তায় শ্রীযুত অনরবিল কোম্পানির সিবিলসম্পর্কীয় শ্রীযুত ই এ ব্লণ্ডেল সাহেব নিয়মিত ছুটী লইয়া বিলায়তে গমন করিবেন।

কটকের এক্টিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জি জি মাকিণ্টস সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি কুড়ি দিনের ছুটী পাইয়াছেন। তাহাতে গত মাসের ১২ তারিখে স্বীয় কর্ম্মোপলক্ষে যে পনের দিনের ছুটী পান্ তাহার অবশিষ্ট কাল রহিত হইল।

মেদিনীপুরের সদর আমীন শ্রীযুত শ্রীরাম তর্কালঙ্কার মহরমের বন্দে ছুটী পাইয়াছেন।

NOTIFICATIONS.

The 5th February, 1844.

Mr. F. B. Kemp, Joint Magistrate and Deputy Collector of Maldah, received charge of his office from the Honourable F. Drummond on the 26th ultimo.

Mr. A. G. Wilson, Deputy Magistrate under Act XV. of 1843, in Behar, assumed charge of his office on the 26th ultimo.

Major J. Matthie, Deputy Commissioner of Assam, proceeded on the 20th ultimo, to Gowalparrah, on Circuit duty in that and the Kamroop Division, and to visit Cooch Behar.

Mr. G. C. Fletcher, Officiating Joint Magistrate and Deputy Collector of Buggorah, made over charge of his offices to Mr. W. Grey on the 27th ultimo.

Mr. J. F. Cathcart, Civil and Sessions Judge of Purneah, resumed charge of his office from Mr. T. Sandys on the 29th ultimo.

F. J. HALLIDAY,
Secy. to the Govt. of Bengal.

No. 194.

ORDERS BY THE HONOURABLE THE DEPUTY GOVERNOR OF BENGAL.

APPOINTMENTS.

The 5th February, 1844.

Mr. R. H. Russell to officiate as Magistrate of East Burdwan, until further orders.

Mr. C. A. Lushington, Assistant to the Magistrate and Collector of Sarun, to exercise the powers of a Joint Magistrate and Deputy Collector in that District.

Mr. O. W. Malet to be a Member of the Local Committee of Public Instruction at Midnapore.

Mr. W. Pitt, Civil Assistant Surgeon of Rungpore, to be Register of Deeds under Act XXX. of 1838, of the District.

The 9th February, 1844.

The Honourable R. Forbes to Officiate as Civil and Sessions Judge of Behar, vice Mr. C. Garstin.

LEAVES OF ABSENCE.

The 5th February, 1844.

Mr. J. P. Dessa, Deputy Collector under Regulation IX. of 1833, in Purneah, from 26th September to 14th December 1843 inclusive, under Medical Certificate.

Baboo Khetter Mohun Mookerjie, Deputy Collector under Regulation IX. of 1833, in Beerbhoom, for six weeks, in extension of the leave granted to

বিজ্ঞাপন।

১৮৪৪ সাল ৫ ফেব্রুআরি।

মালদহের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ বি কেম্প সাহেব গত মাসের ২৬ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত অনরবিল এফ ড্রমণ্ড সাহেবের স্থানে গ্রহণ করেন্।

১৮৪৩ সালের ১৫ আইনানুসারে বেহারের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত এ জি উইলসন সাহেব গত মাসের ২৬ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করেন্।

আসামের ডেপুটী কমিস্যনর শ্রীযুত মেজর জে মাথি সাহেব গোয়ালপাড়া এবং কামরূপ জিলাতে দায়েরী কর্ম্ম করণার্থ এবং কোচবেহারে গমনার্থ গত মাসের ২০ তারিখে গোয়ালপাড়ায় গমন করেন্।

বগুড়ার এক্টিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি সি ফ্লেচর সাহেব গত মাসের ২৭ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ গ্রে সাহেবের প্রতি অর্পণ করেন্।

পূরণিয়ার সিবিল ও সেশন জজ শ্রীযুত জে এফ কাথকার্ট সাহেব গত মাসের ২৯ তারিখে আপনার কর্ম্মের ভার শ্রীযুত টি সাণ্ডিস সাহেবের স্থানে গ্রহণ করেন্।

এফ জে হালিডে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

১৯৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত অনরবিল ডেপুটী গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৪৪ সাল ৫ ফেব্রুআরি।

শ্রীযুত আর এচ রসেল সাহেব অন্য হুকুম না পাওয়া পর্য্যন্ত পূর্ব্ব বর্দ্ধমানের মাজিষ্ট্রেটী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

সারণের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত সি এ লশিংটন সাহেব ঐ জিলাতে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত ও ডবলিউ মালেট সাহেব মেদিনীপুরে বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

রঙ্গপুরের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডবলিউ পিট সাহেব ১৮৩৮ সালের ৩০ আইনানুসারে ঐ জিলাতে দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

১৮৪৪ সাল ৯ ফেব্রুআরি।

শ্রীযুত সি গার্কিন সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত অনরবিল আর ফর্বস সাহেব বেহারের সিবিল ও সেশন জজী কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৪৪ সাল ৫ ফেব্রুআরি।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে পূরণিয়ার ডেপুটী কালেক্টর শ্রীযুত জে পি ডেসা সাহেব চিকিৎসকের সর্টিফিকেটক্রমে ১৮৪৩ সালের ২৬ সেপ্টেম্বর অবধি ১৪ ডিসেম্বরপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৩৩ সালের ৯ আইনানুসারে বীরভূমের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ক্ষেত্রমোহন মুখুয্যা মুরশিদাবাদের এলাকার কমিস্যনর সাহেবের স্থানে যে ছুটী পাই-

him by the Commissioner of the Moorshedabad Division and approved on the 13th November last.

The 7th February, 1844.

Mr. Henry Brereton, a Student of the College of Fort William, for three months, with permission to proceed to Sea for the benefit of his health.

NOTIFICATIONS.

The 5th February, 1844.

Mr. T. Wyatt, Civil and Sessions Judge of Rungpore, availed himself on the 29th ultimo of the leave of absence, for one month, granted to him on the 4th December last.

Mr. B. Golding, Civil and Sessions Judge of East Burdwan, made over charge of the current duties of his office to the Principal Sudder Ameen of the District on the 2d instant.

Mr. E. H. Anson, of the Civil Service, is reported qualified for the Public Service by proficiency in two of the Native languages.

Mr. F. Skipwith, Officiating Civil and Sessions Judge of Tipperah, resumed charge of his office from the Principal Sudder Ameen of the District on the 31st ultimo.

Mr. R. Hampton, Officiating Magistrate of Jessore, resumed charge of his office from Mr. E. H. Lushington on the 31st ultimo.

The leave of absence granted to Mr. C. Whitmore, Joint Magistrate and Deputy Collector of Beerbhoom, on the 6th November last, is to take effect from the 25th ultimo, the date on which he made over charge of his office to Mr. E. F. Lautour, instead of from the 31st December last.

F. J. Halliday,

Secy. to the Govt. of Bengal.

লেন অথচ গত নবেম্বর মাসের ১৩ তারিখে মঞ্জুর হইল তাহার অতিরিক্ত ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৪৪ সাল ৭ ফেব্রুআরি।

ফোর্ট উলিয়ম কালেজের এক জন ছাত্র শ্রীযুত হেনরি ব্রিরিটন সাহেব স্বীয় স্বাস্থ্যার্থে সমুদ্রে গমনার্থ অনুমতি পাইয়া তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৪৪ সাল ৫ ফেব্রুআরি

রঙ্গপুরের সিবিল ও শেসন জজ শ্রীযুত টি ওয়াইয়াট সাহেব গত ডিসেম্বর মাসের ৪ তারিখে যে এক মাসের ছুটী পান্ তাহা গত মাসের ২৯ তারিখঅবধি গ্রহণ করেন্।

পূর্ব্ব বর্দ্ধমানের সিবিল ও সেশন জজ শ্রীযুত বি গোল্‌ডিং সাহেব বর্ত্তমান মাসের ২ তারিখে আপনার সিরিশ্‌তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করেন্।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত ই এচ আনসন সাহেব এদেশীয় দুই ভাষায় সুশিক্ষিত হওয়াতে সরকারী কর্ম্মের উপযুক্ত এমত রিপোর্ট হইয়াছে।

ত্রিপুরার এক্‌টিং সিবিল ও সেশন জজ শ্রীযুত এফ স্কিপউইথ সাহেব গত মাসের ৩১ তারিখে ঐ জিলার প্রধান সদর আমীনের স্থানে আপন সিরিশ্‌তার ভার পুনর্গ্রহণ করেন্।

যশোহরের এক্‌টিং মাজিস্ট্রেট শ্রীযুত আর হামটন সাহেব গত মাসের ৩১ তারিখে শ্রীযুত ই এচ লশিংটন সাহেবের স্থানে আপন সিরিশ্‌তার ভার পুনর্গ্রহণ করেন্।

বীরভূমের জাইন্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি উইটমোর সাহেবকে গত নবেম্বর মাসের ৬ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা গত ডিসেম্বর মাসের ৩১ তারিখঅবধি আরম্ভ না হইয়া গত মাসের ২৫ তারিখে আরম্ভ হইবেক। ঐ তারিখে তিনি আপন সিরিশ্‌তার কর্ম্মের ভার শ্রীযুত ই এফ লাটুর সাহেবের প্রতি অর্পণ করেন্।

এফ জে হালিডে
বাঙ্গলা দেশের গর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

SALT. নিমক।

এস্তেহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত পাঙ্গা নেমক পশ্চাদুক্ত নিরিখ দরে বিক্রয়ার্থে প্রস্তুত আছে খরিদারানের উচিত যে ঐ নেমকের রকম মোং উত্তর কালীনগরের সরকারী গোলার নমুনাদৃষ্টে খাতিরজমামত বুঝিয়া খরিদ করেন্ আর যে ব্যক্তি মোকাম মজকুরে প্রথমে রওয়ানা দাখিল করিবেক সেই ব্যক্তি পহিলা ওজন পাইবার যোগ্য হইবেক।

নেমকের বেওরা।

এজেন্সী অর্থাৎ জেলার নাম	হাটের নাম	কোন্ সনের পোক্তান	মওয়াজি নেমক	নিরিখ দর ফি ১০০/ মোন
হিজলী	উত্তর কালীনগর	১২৪৭ সাল	৭০০০০/ মোন	কোং ৪০৫৲ টাকা

বোর্ড পরমিট নেমক ও আফিম তাং ৮ ফিব্রুআরি সন ১৮৪৪ সাল। এচ টরেন্স। সেক্রেটারী।

[*Government Gazette*, 13*th February*, 1844.]

Calendar and Descriptive Roll of (6) Six out of (93) Ninety-three Convicts forwarded to the Resident Councillor at Singapore and (5) five of whom escaped from transportation, whom all persons are required to apprehend.

CALENDAR.											DESCRIPTIVE ROLL.	
No. of Prisoners.	Names.	Age.	Caste.	Occupation of Life.	Residence &c.	Abstract of crime or charge.	Sentence and date of Warrant.	Number of Warrant.	Height. Feet.	Height. Inches.	Particular Marks.	Remarks.
1	Oomur, alias Oomurbin Said—A.	40	Arab.	Soldier.	Arabia.	Treason.	To be transported beyond Seas for the term of his natural life. 28th Oct. 1841.	73	5	1	Fair, has a mark on the forehead and two on the calf of the right leg of the size of a half Rupee.	
2	Ahmud bin Syud—B.	35	Do.	Do.	Do.	Do.	Do. Do.	73	5	3	Dark brown, has a mark on the left arm of the size of a pie.	It will be observed that the description of two prisoners bearing the name of Ahmud bin Syud are entered. Only one of that name has escaped; but as the two were transported together, and it is not known which has fled, the descriptions of both have been forwarded to me.
3	Ahmud bin Syud—C.	30	Do.	Do.	Oommode.	Do.	Do. Do.	73	5	„	Dark brown, has a mark on the back of the neck and one on the right eyebrow.	
4	Hussein bin Awood.	25	Do.	Do.	Arabia.	Do.	Do. Do.	69	4	5	Fair, has a mark of the size of a pie on the forehead, has no mustaches, and a mark of the size of a Rupee on the back of his neck.	
5	Sulem bin Beshen, alias Bengeshen.	40	Do.	Do.	Hydrabad.	Do.	Do. Do.	72	5	1	Black, has a mark on each side of the breast of a finger's length, and one on the left side of the back.	
6	Ahmud bin Ahmud, alias Ahmud bin Amoor.	40	Do.	Do.	Yennur.	Do.	Do. Do.	74	5	1	Fair, has a mark on the left shoulder and one near the right eye.	

Hooghly, 30th December, 1843.

W. Dampier, *Superintendent of Police, L. P.*

যে তিরানব্বই জন কয়েদী সিংহপুরের শ্রীযুত রেসিডেণ্ট কৌন্সেলর সাহেবের নিকটে প্রেরিত হয় তাহারদের ছয় জনের তফসীল ও চেহারা। ইহারদের মধ্যে পাঁচ জন পলাইয়াছে এবং তাহারদিগকে গ্রেফ্তার করিতে সকলকে হুকুম দেওয়া যাইতেছে।

কয়েদীরদের নম্বর	তফসীল								চেহারা			মন্তব্য কথা
	নাম	বয়স	জাতি	কর্ম্ম	বাসস্থান	অপরাধ কিম্বা নালিশের খোলাসা	দণ্ড এবং ওয়ারণ্টের তারিখ	ওয়ারণ্টের নম্বর	উচ্চতা ফুট	উচ্চতা বুরুল	বিশেষ চিহ্ন	
১	উমর অথবা উমর বেন সায়দ—A	৪০	আরব	সিপাহী	আরব দেশ	রাজবিদ্রোহি কর্ম্ম	১৮৪১ সালের ২৮ অক্টোবর। যাবজ্জীবন দ্বীপান্তরে প্রেরণ হওনের হুকুম হয়।	৭৩	৫	১	গৌরবর্ণ এবং কপালে দাগ ও দক্ষিণ পায়ের জঙ্ঘাতে আটআনী তুল্য দুই দাগ।	দুষ্ট হইবেক যে আহমদ বেন সায়দ নামে দুই জন কয়েদীর চেহারা লেখা গিয়াছে ঐ নামের কেবল এক জন পলাতক হইয়াছে বটে কিন্তু দুই জনে এক সঙ্গে দ্বীপান্তর প্রেরিত হয় এবং তাহারদের মধ্যে কে পলাইয়াছে তাহা জ্ঞাত না হওয়াপ্রযুক্ত উভয়ের চেহারা আমার নিকটে পাঠান যায়।
২	আহমদ বেন সায়দ—B	৩৫	ঐ	ঐ	ঐ	ঐ	ঐ ঐ	৭৩	৫	৩	শ্যামবর্ণ বাম বাহুতে ইঙ্গরেজী পাইয়ের তুল্য দাগ।	
৩	আহমদ বেন সায়দ—C	৩০	ঐ	ঐ	উম্মোদ	ঐ	ঐ ঐ	৭৩	৫	,,	শ্যামবর্ণ ঘাড়ে এবং দক্ষিণ জ্রুতে দাগ।	
৪	হুসেন বেন আউদ	২৫	ঐ	ঐ	আরব দেশ	ঐ	ঐ ঐ	৬৯	৪	৫	গৌরবর্ণ কপালে ইঙ্গরেজী পাইয়ের মত এক দাগ গোঁপ নাই এবং ঘাড়ে টাকার তুল্য পরিমাণের দাগ।	
৫	সুলেম বেন বেশেন অথবা বেঙ্গেশেন	৪০	ঐ	ঐ	হয়দরাবাদ	ঐ	ঐ ঐ	৭২	৫	১	কৃষ্ণবর্ণ বুকের দুই পার্শ্বে অঙ্গুলীর মত লম্বা এক দাগ এবং পিঠের বাম দিগে এক দাগ।	
৬	আহমদ বেন আহমদ অথবা আহমদ বেন আমুর	৪০	ঐ	ঐ	য়েমর	ঐ	ঐ ঐ	৭৪	৫	১	গৌরবর্ণ বামস্কন্ধে এক দাগ এবং দক্ষিণ চক্ষুর নিকটে এক দাগ।	

হুগলি। ১৮৪৩। ৩০ ডিসেম্বর।

ডবলিউ ডাম্পিয়র। বাঙ্গলাপ্রভৃতি দেশের পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্তিহার

ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা মুরশিদাবাদ এই যে অত্র জিলার আবকারী মহালের সুপরিটেণ্ডেণ্ট সাহেবের সন ১৮৪৩ সালের ১ ডিসেম্বর ও সন ১৮৪৪ সালের ৯ জানুআরির রুবকারীর অনুযায়ি আবকারী মহালের সংক্রান্ত সাকিম ভাদুশ্বরের দোকানদারের জিম্মায় সরকারের পাওনা বাকী ৩২৷৷৩ পাই টাকা আদায় জন্যে তন্য জামিনদার রামচন্দ্র বন্দ্যোপাধ্যায় ক্রোকী জায়দাদ নীলাম করা আবশ্যক মতে সন ১৮৪১ সালের ১২ আইনের ৮ ধারার মর্ম্মানুযায়ি উক্ত জামিনদারের নীচের লিখিত জায়দাদ সন ১৮৪৪ সালের ২৭ ফেব্রুআরি মোতাবক সন ১২৫০ সালের ১৬ ফাল্গুণ নীলাম হওনের ইস্তাহার দেওয়া যাইতেছে যদি ঐ জামিনদার এই ইস্তাহারের লিখিত সমুদয় টাকা নীলামের পূর্ব্ব দিবস সূর্য্যাস্তপর্য্যন্ত দাখিল না করে তবে ঐ নীলামের নিরূপিত দিবসে টাকা দিলে তাহা গ্রহণ না হইয়া এই কালেক্টরীর কাছারীতে নীলাম হইবেক যে কেহ খরিদের বাসনা রাখহ ঐ তারিখে ডাকি আরম্ভ হওয়ার পূর্ব্ব ফিশত ২৫ টাকা হিসাবে ফিস সমেত হাজির হইয়া আইনমত খরিদ করহ এবিষয় সকলের জ্ঞাত কারণ ইস্তাহার দেওয়াগেল ইতি সন ১৮৪৪ সাল তারিখ ৬ ফেব্রুআরি মোতাবক সন ১২৫০ সাল তারিখ ২৫ মাঘ।

নম্বর লাট	নাম মোকাম যে খানে তায়দাদ আছে	নাম পরগনা	নাম মালিক	তাইন জায়দাদ যাহা নীলাম হইবেক	তায়দাদ বাকী	কৈৎ
১	সাকরা	রাজশাহি	রামচন্দ্র বন্দ্যোপাধ্যায়	মোকাম সাকরার দক্ষিণ মাঠে গেহেন্দি সেখের খেরাজী জমির উত্তর রামগোবিন্দ মজুমদারের খেরাজী জমির দক্ষিণ জামিনদার মজকুরের খরিদা ব্রহ্মোত্তর জমির পূর্ব্ব শম্ভুনাথ দাসের খেরাজী জমির পশ্চিম ব্রহ্মোত্তর খরিদা পুষ্করিণী ১ একটা।		
২	ঐ	ঐ	ঐ	মোকাম সাকরার উপরের লিখিত পুষ্করিণীর পশ্চিম পাহাড়লাগাও ব্রহ্মোত্তর খরিদা জমি ১৸০ পৌনে দুই বিঘা।		
৩	ঐ	ঐ	ঐ	মোকাম সাকরার পাড়ার ডাঙ্গার রাজা কৃষ্ণচন্দ্র সিংহের খিতরার সীমানার উত্তর পঞ্চু সেখের খেরাজী জমির দক্ষিণ উক্ত রাজার ঐ সীমানার পতিত জমির পূর্ব্ব ইসফ মোল্লার খেরাজী জমির পশ্চিম ব্রহ্মোত্তর খরিদা জমি ।০ পাঁচ কাটা।		
৪	ঐ	ঐ	ঐ	মোকাম সাকরার কেলু সেখের বসতবাটীর উত্তর সেহেন্দি সেখের বসতবাটীর দক্ষিণ আদ কুড়া পুষ্করিণীর পূর্ব্ব ওদর কোটালের বন্দ খামার বাটীর পশ্চিম ওদর কোটালের বসত বাটী মায় চারিটা আম্র বৃক্ষ ব্রহ্মোত্তর খরিদা জমি।০ পাঁচ কাটা।		

Moorshedabad Collectorate, 6th February, 1844. W. J. H. MONEY, *Collector.*

ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা মুরশিদাবাদ এই যে .

জিলা বীরভূমের সংক্রান্ত মোকাম কয়থার মুনসেফের দুই নম্বর ডিক্রীর টাকা রামগঙ্গা বাগচিদিগর বাদিগণের পাওনা শাহজাদ মিঞাদিগর প্রতিবাদিগণের দেনা আদায় কারণ চতুর্দ্দশ বিভাগের শ্রীযুত রেবিনু কমিশ্যনর বাহাদুরের সন ১৮৪৩ সালের ৭ আগষ্ট তারিখের চিঠী ও উক্ত জেলার শ্রীযুত জজ সাহেবের ঐ সনের ২৪ মে তারিখের রুবকারির আজ্ঞামত প্রতিবাদিগণের নীচের লিখিত সম্পত্তি নীলামের দিবস ঐ সনের ২২ সেপ্টেম্বর ধার্য্য হইয়া দশহরার তাতিলে আদালতের কাছারী বন্দহওয়া প্রযুক্ত নীলাম না হইয়া উক্ত সনের ২৭ অক্টোবর নীলাম দরপেস হওয়ায় ডিক্রীদারের ভ্রাতা রামেশ্বর বাগচি ঐ বন্দর নীলাম উক্ত ২৭ অক্টোবরঅবধি দুই মাস স্থগিত রাখার মানসে দরখাস্ত দেওয়াতে নীলাম স্থগিত রাখিয়া প্রশংসিত জজ সাহেবের হজুরে এত্তেলা দেওয়া গিয়াছিল. এইক্ষণে ঐ মিয়াদ গত হওয়াতে প্রশংসিত সাহেবের সন ১৮৪৪ সালের ১৬ জানুআরির রুবকারির আজ্ঞা মত প্রতিবাদিগণের সম্পত্তি নীচের তফসীল মত সন ১৭৯৩ সালের ৪৫ আইন ও সন ১৭৯৬ সালের ১২ আইনের মর্ম্মানুযায়ি সন ১৮৪৪ সালের ১৪ মাহ মার্চ মোতাবক সন ১২৫০ সালের ২ মাহ চৈত্র রোজ বৃহস্পতিবার নীলাম হওনের ইস্তাহার দেওয়া যাইতেছে যদি প্রতিবাদিগণ এই ইস্তাহারের লিখিত সমুদয় টাকা নীলামের তারিখের দ্বিতীয় প্রহর দিবসপর্য্যন্ত ডাক আরম্ভ হওয়ার পূর্ব্বে দাখিল না করে তবে ঐ তারিখের দ্বিতীয় প্রহর দিবস বাজি-

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৪৪। ১৩ ফেব্রুআরি।]

গবর্ণমেণ্ট গেজেট্

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, FEBRUARY 20, 1844.

কলিকাতা মঙ্গলবার ১৮৪৪ সাল ২০ ফেব্রুআরি।

CIRCULAR ORDERS OF THE SUDDER BOARD OF REVENUE.

No. 2.

From the Offg. Secretary to the Sudder Board of Revenue to the Commissioner of Revenue for the Division of ———

I am directed by the Sudder Board of Revenue to transmit herewith a copy of a letter from the Under Secretary to the Government of Bengal in the Revenue Department (No. 30,) dated the 26th of December last, and to request that you will cause to be communicated to all your subordinates the prohibition of His Honour to the entertainment under any circumstances of Native Ministerial Officers upon lower Salaries than those fixed by Government.

G. Plowden, *Offg. Secretary.*

Fort William, the 2d February, 1844.

No. 30.

From Under Secretary to the Government of Bengal, to G. Plowden, Esq., Offg. Secretary to the Sudder Board of Revenue. Dated, Fort William, 26th December, 1843.

It having been ascertained that the late Special Commissioner of Patna was in the habit of entertaining Native Ministerial Officers on lower Salaries than those fixed by the Government for the situations they held, carrying the excess to the public credit, I am directed to request that you will intimate to the different officers under your control that the Deputy Governor considers this practice to be extremely objectionable, and desires that it may not, under any circumstances, be repeated.

C. Beadon,

Under Secy. to the Govt. of Bengal.

(True Copy.)

G. Plowden, *Offg. Secretary.*

[*Government Gazette, 20th February*, 1844.]

সদর বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

২ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যানর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর এক্টিং সেক্রেটারী সাহেবের পত্র।

রেবিনিউ ডিপার্টমেণ্টে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী সাহেবের গত ডিসেম্বর মাসের ২৬ তারিখের ৩০ নম্বরী পত্রের নকল সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে ইহার সঙ্গে পাঠাইতেছি এবং আমলারদের যে মাহিয়ানা গবর্ণমেণ্ট নির্দ্দিষ্ট করিয়াছেন তাহার কম বেতন দিয়া তাহারদিগকে কোন মতেই নিযুক্ত করিতে শ্রীযুতের যে নিষেধ হইয়াছে তাহা তুমি আপন অধীন সকল কার্য্যকারককে জানাইবা এমত আদেশ করিতেছি।

জি প্লৌডন। এক্টিং সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৪৪। ২ ফেব্রুআরি।

৩০ নম্বর।

সদর বোর্ড রেবিনিউর এক্টিং সেক্রেটারী শ্রীযুত জি প্লৌডন সাহেবের প্রতি বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৪৩। ২৬ ডিসেম্বর।

এদেশীয় আমলারদের পদের যত বেতন সরকারহইতে নিরূপণ আছে পাটনার পূর্ব্বকার স্পেসিয়ল কমিস্যানর সাহেব তাহার কম বেতন কোন২ আমলাকে দিয়া নিযুক্ত করিতেন অবশিষ্ট টাকা সরকারে জমা করিতেন ইহা প্রকাশ হওয়াতে তোমাকে আদেশ করিতেছি যে তুমি আপন অধীন কার্য্যকারকদিগকে জানাও যে শ্রীযুত ডেপুটী গবর্নর সাহেব এই ব্যবহার অতিঅনুচিত বোধ করেন এবং তাহা পুনর্ব্বার কোন প্রকারে না হয় এমত হুকুম করিতেছেন।

সি বীডন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

(প্রকৃত নকল।)

জি প্লৌডন। এক্টিং সেক্রেটারী।

No. 3.

From the Officiating Secretary to the Sudder Board of Revenue, to the Commissioner of Revenue for the Division of ———

I am directed by the Sudder Board of Revenue to transmit herewith a copy of a letter from the Under Secretary to the Government of Bengal in the Revenue Department (No. 1069), dated, the 27th November, and to request that you will enjoin upon all your Subordinates a strict attention to the order therein contained, upon all occasions of making over charge of a Treasury.

G. PLOWDEN,
Offg. Secretary.

Fort William, 2d February, 1844.

No. 1069.

From Under Secretary to the Government of Bengal, to G. Plowden Esq. Offg. Secy. to the Sudder Board of Revenue. Dated, Fort William, 27th November, 1843.

In continuation of my letter, No. 1044, of the 22d Instant, authorizing the Collector of Dinagepore and the Deputy Collector of Bancoorah to make over charge of their respective Treasuries to their Uncovenanted Deputies, I am directed by the Honourable the Deputy Governor of Bengal to request that in all future occasions of a similar nature the Board will require the Officer making over charge invariably to state the amount of Cash in his Treasury.

C. BEADON,
Under Secy. to the Govt. of Bengal.

(True Copy.)

G. PLOWDEN, *Offg. Secretary.*

৩ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের প্রতি সদর বোর্ড রেবিনিউর এক্টিং সেক্রেটারী সাহেবের পত্র।

রেবিনিউ ডিপার্টমেণ্টে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী সাহেবের গত নবেম্বর মাসের ২৭ তারিখের ১০৬৯ নম্বরী পত্রের নকল সদর বোর্ড রেবিনিউর হুকুমক্রমে এই পত্রের সঙ্গে পাঠাইয়া আদেশ করিতেছি যে তোমার অধীন কার্য্যকারকেরা খাজানাখানার ভার অন্যের প্রতি অর্পণ করিলে নিয়ত ঐ পত্রের লিখিত হুকুমানুসারে কার্য্য করেন্ তাঁহারদিগকে এই মত হুকুম দিবা।

জি প্লৌডন। এক্টিং সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম ১৮৪৪। ২ ফেব্রুআরি।

১০৬৯ নম্বর।

সদর বোর্ড রেবিনিউর এক্টিং সেক্রেটারী শ্রীযুত জি প্লৌডন সাহেবের নিকটে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৪৩। ২৭ নবেম্বর।

বর্ত্তমান মাসের ২২ তারিখের ১০৪৪ নম্বরী আমার পত্রে দিনাজপুরের কালেক্টর ও বাঁকুড়ার ডেপুটী কালেক্টর সাহেবকে আপন২ খাজানাখানার ভার আপনারদের অধীন অচিহ্নিত ডেপুটী কালেক্টরেরদের প্রতি অর্পণ করিতে অনুমতি দেওয়া গেল। ঐ পত্রের অনুক্রমে বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবর্নর্ সাহেবের হুকুমক্রমে আদেশ করিতেছি যে উত্তর কালে উক্ত প্রকার সকল গতিকে বোর্ডের সাহেবেরা এমত হুকুম করিবেন যে কোন কার্য্যকারক আপন খাজানাখানার ভার যখন অন্যের প্রতি অর্পণ করেন্ তখন তাহার মধ্যে যত টাকা থাকে তাহা সর্ব্বদা জানান্।

সি বীডন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

(প্রকৃত নকল।)

জি প্লৌডন। এক্টিং সেক্রেটারী।

JOHN C. MARSHMAN, *Bengalee Translator.*

PROCLAMATION

BY THE RIGHT HONOURABLE THE GOVERNOR GENERAL OF INDIA.

20TH DECEMBER, 1843.

On the decease of the late Maharaja Jhunkojee Rao Scindiah, the British Government promptly acknowledged as his successor the Maharaja Jyajee Rao Scindiah, who was nearest in blood to the late Maharaja, and whose adoption by the Maharanee, His Highness' widow, was approved by the Chiefs.

The Maharanee and the Chiefs concurred in conferring the dignity and power of Regent during the minority of the Maharaja upon the Mama Sahib.

The British Government communicated to the Durbar his entire approval of this measure, and the British Resident in the presence of the Chiefs, explained to the Regent that he was recognized as the responsible head of the Gwalior State, and as such, would receive the support of the British Government.

This declaration appeared to give general satisfaction; nevertheless after a short time, the Mama

বিজ্ঞাপন।

ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের ঘোষণা।

১৮৪৩ সাল ২০ ডিসেম্বর।

মহারাজা জানকীরাও সিন্ধিয়ার লোকান্তরগমন হইলে ব্রিটিস গবর্ণমেণ্ট অগৌণে মহারাজা জয়াজী রাও সিন্ধিয়াকে রাজার ন্যায় স্বীকার করিলেন। তিনি লোকান্তরপ্রাপ্ত মহারাজার অতিনিকট জ্ঞাতি এবং জানকী রাওয়ের বিধবা শ্রীমতী মহারাণীর তাঁহাকে দত্তক পুত্র করণেতে দেশের প্রধান ব্যক্তিরদের সম্মতি হইল।

শ্রীমতী মহারাণী এবং দেশের প্রধান ব্যক্তিরা ঐক্য হইয়া মহারাজার অপ্রাপ্ত ব্যবহার সময়পর্য্যন্ত রাজপ্রতিনিধির পদ এবং ক্ষমতা মামা সাহেবকে প্রদান করিলেন।

ব্রিটিস গবর্ণমেণ্ট এই কার্য্যেতে আপনার সম্পূর্ণ সন্তুষ্টি দরবারে জানাইলেন এবং শ্রীযুত রেসিডেণ্ট সাহেব দেশের প্রধান ব্যক্তিরদের সাক্ষাৎ ঐ রাজপ্রতিনিধিকে বুঝাইলেন যে এক্ষণে গোআলিয়র রাজ্যের অধ্যক্ষের ন্যায় তোমাকে স্বীকার করা গেল এবং ব্রিটিস গবর্ণমেণ্ট ঐ পদে অবশ্য তোমার সাহায্য করিবেন।

বোধ হইল যে এই বিজ্ঞাপনেতে সকলের সন্তোষ জন্মিল। তথাপি কিঞ্চিৎ কাল পরে শ্রীযুত রেসিডেণ্ট

Sahib was violently compelled to quit the Gwalior State in despite of the remonstrances of the British Resident.

The Dada Khasgee Walla succeeded to the confidence of the Maharanee without possessing generally that of the Chiefs, and by his influence various acts were committed insulting and injurious to the British Government. Persons, heretofore, in compliance with its representation deprived of offices in which their conduct had been injurious to both Governments, were restored to power, and others were removed who were known to be favourable to the maintenance of order, and to the continuance of the friendship which had so long subsisted between the two States.

The British Resident could not remain a spectator of transactions of which he vainly disapproved. On the expulsion of the Mama Sahib he was instructed to withdraw from Gwalior.

When the subsequent acts of the Dada, offensive to the British Government, and indicative of the substitution of hostile feelings for those friendly dispositions which had so long connected the two States, became known, the Resident intimated to the Maharanee the opinion of the British Government, that it had become necessary to inflict some signal punishment upon that Chief; and it was suggested, that in preference to any other punishment, he should be delivered as a prisoner into the charge of the British Government. It was not thereby intended to derogate from the honour of the Gwalior State, but solely to provide effectually for the security of the person of the Dada, for which, under the circumstances of the Gwalior State, it did not appear to be possible sufficiently to provide within the Gwalior Territory.

When, afterwards, it became known to the Resident that the Dada had withheld from the knowledge of the Maharanee and of the Durbar, a letter addressed to the Maharanee conveying the sentiments of the British Government, the Resident then peremptorily insisted upon the delivery of the Dada as a necessary preliminary to the reestablishment of the customary relations with the Gwalior State. That act on the part of the Dada could not be regarded otherwise than as a virtual usurpation of the sovereign authority in the Gwalior State, which the British Government is bound to maintain in the house of Scindiah.

With this last requisition the Maharanee has at last complied.

The Governor General regards with satisfaction this act of Her Highness, however long deferred, as an indication of the desire of Her Highness, and of the Durbar, to re-establish on their accustomed footing the friendly relations between the two States.

It could not but be felt, that while the late oc-

[*Government Gazette, 20th February*, 1814.]

সাহেব আপত্তি করিলেও ঐ মামা সাহেবের প্রতি এমত দৌরাত্ম্য হইল যে অতিশীঘ্র তাঁহার গোআলিয়র ছাড়িয়া যাইতে হইল।

তৎপরে দাদা খাসগীওয়ালা মহারাণীর বিশ্বাসপাত্র হইলেন কিন্তু দেশের প্রধান ব্যক্তিরদের তাঁহাতে কিছু বিশ্বাস ছিল না এবং ঐ দাদার ক্ষমতাপ্রযুক্ত ব্রিটিস গবর্ণমেণ্টের ক্ষতিজনক এবং অপমানজনক নানা কর্ম্ম হইতে লাগিল বিশেষতঃ যে ব্যক্তিরা ইহার পূর্ব্বে আপনারদের কুকর্ম্মের দ্বারা ব্রিটনীয় রাজ্যের এবং গোআলিয়র রাজ্যের অপকার করিয়াছিলেন এবং ইঙ্গলণ্ডীয় গবর্ণমেণ্টের অনুরোধক্রমে পদচ্যুত হইয়াছিলেন তাঁহারা পুনর্ব্বার পরাক্রম প্রাপ্ত হইলেন এবং যে ব্যক্তিরা দেশের সুশাসনের বিষয়ে এবং উভয় রাজ্যের মধ্যে বহু কালাবধি যে মৈত্রীভাব ছিল তাহা স্থিরতর রাখণের বিষয়ে আকাঙ্ক্ষী ছিলেন তাঁহারদিগকে কর্ম্মহইতে অবসর করা গেল।

শ্রীযুত রেসিডেণ্ট সাহেব এই ব্যাপারেতে অসন্তোষ জানাইলেও তাহাতে কিছু ফল জন্মিল না এবং তিনি এই সকল কার্য্য দেখিয়া চুপ করিয়া থাকিতে পারিলেন না। অতএব মামা সাহেবকে তাড়ান গেলে শ্রীযুত রেসিডেণ্ট সাহেবকে গোআলিয়রহইতে প্রস্থান করিতে হুকুম দেওয়া গেল।

তৎপরে দাদা খাসগীওয়ালা গবর্ণমেণ্টের বিরুদ্ধ যে নানা কর্ম্ম করিলেন তাহাতে বোধ হইল যে উভয় রাজ্যের মধ্যে বহু কালাবধি যে মৈত্রীভাব ছিল তাহার পরিবর্ত্তে এক্ষণে শত্রুভাব জন্মিয়াছে ইহা প্রকাশ হওয়াতে শ্রীযুত রেসিডেণ্ট সাহেব শ্রীমতী মহারাণীকে জানাইলেন যে ঐ মন্ত্রির কোন বিশেষ দণ্ড করা উচিত ব্রিটিস গবর্ণমেণ্টের এমত বোধ হইয়াছে। পরে শ্রীমতী মহারাণীকে পরামর্শ দেওয়া গেল যে তাঁহার অন্য কোন দণ্ড না করিয়া তাঁহাকে ব্রিটিস গবর্ণমেণ্টের নিকটে অর্পণ করুন। ঐ পরামর্শেতে গোআলিয়র রাজ্যের মানহানি করণের কিছু অভিপ্রায় ছিল না কিন্তু তাহার এইমাত্র অভিপ্রায় যে ঐ দাদাকে উপযুক্তমতে আটক করিয়া রাখা যায় যেহেতুক গোআলিয়র রাজ্যের যেরূপ অবস্থা হইয়াছিল তাহাতে বোধ হইল যে গোআলিয়র রাজ্যের মধ্যে তাঁহাকে আটক করিয়া রাখা অসাধ্য।

তৎপরে শ্রীযুত রেসিডেণ্ট সাহেব অবগত হইলেন যে ব্রিটিস গবর্ণমেণ্টের অভিপ্রায়সূচক যে পত্র শ্রীমতী মহারাণীর নিকটে লেখা গেল তাহা ঐ দাদা শ্রীমতী মহারাণীকে এবং দরবারে জানাইলেন না ইহা শুনিয়া শ্রীযুত রেসিডেণ্ট সাহেব কহিলেন যে ঐ দাদাকে ইঙ্গলণ্ডীয়রদের হস্তে এক্ষণে অবশ্য অর্পণ করিতে হইবেক। না করিলে ব্রিটিস গবর্ণমেণ্টের ও গোআলিয়র রাজ্যের যে মিত্রতা ছিল তাহা পুনর্ব্বার স্থাপন হইতে পারিবেক না। দাদার ঐ কর্ম্মের দ্বারা সুতরাং বোধ হইল যে তিনি গোআলিয়র দেশের রাজক্ষমতা ধারণ করিয়াছেন অথচ ব্রিটিস গবর্ণমেণ্ট ঐ ক্ষমতা সিন্ধিয়ার বংশে রাখিতে অঙ্গীকার করিয়াছিলেন।

এই শেষ হুকুম শ্রীমতী মহারাণী পরিশেষে প্রতিপালন করিয়াছেন।

শ্রীমতী মহারাণীর এই কর্ম্ম অর্থাৎ দাদাকে সমর্পণ করণ যদ্যপি অনেক কালের পর সম্পন্ন হইয়াছে তথাপি শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর তাহা দেখিয়া অতিসন্তুষ্ট হইয়াছেন এবং তাহাতে শ্রীযুক্ত অনুভব করেন্ যে উভয় রাজ্যের যে মৈত্রীভাব ছিল তাহা পুনর্ব্বার সংস্থাপন করিতে শ্রীমতী মহারাণী ও দরবারের ইচ্ছা আছে।

ব্রিটিস গবর্ণমেণ্ট আরো বোধ করিলেন যে সম্প্রতি

currences at Gwalior were an offence to the British Government, they at the same time created new insecurity to its subjects residing on the frontier.

The want of cordial co-operation on the part of the Officers of the Gwalior State in the maintenance of order upon the frontier, had long been a subject of just remonstrance, and various orders had been issued by the late Maharaja in accordance with the representations of the British Resident. These orders had but too often remained without due execution; but, in consideration of the long illness of His Highness, and of the consequent weakness of his administration, the British Government had not pressed for satisfaction with all the rigour which the importance of the subject would have warranted. It knew the good disposition of the late Maharaja, and was willing to attribute his failure to effect what was right to the want of Power, rather than of Will.

But the recent occurrences at Gwalior, and the changed spirit in which the administration has been conducted, no longer permit the continuance of this forbearance. The British Government must now peremptorily insist upon the adoption of permanent measures for the establishment of order upon the frontier, and for the future security of its subjects.

The British Government has so long deferred intervention in the distracted affairs of the Gwalior State, in the sincere hope that the Chiefs themselves would establish, in supercession of the disgraceful rule to which they have recently submitted, an administration willing and able to satisfy its reasonable demands, and to maintain the accustomed friendly relations between the two States.

The British Government can neither permit the existence of an unfriendly Government within the territories of Scindiah, nor that those territories should be without a Government capable of coercing its own subjects, and of maintaining every where the relations of good neighbourhood with the subjects of the British Government and its Allies.

The deplorable events which have last occurred, at Gwalior, the hostile conflicts in the Camp before the palace of the Maharaja, and the practical suspension of all Government in His Highness' territories, now impose upon the British Government the duty of intervention, not solely for the security of British interests, but for the execution, according to its true spirit and intentions, of the solemn engagement of a Treaty.

By the Treaty of Boorhanpoor contracted with the Maharaja Dowlut Rao Scindiah, the British Government engaged to maintain a force to be at all times ready on the requisition of the Maharaja, to protect the person of the Maharaja, his heirs and successors, to overawe and chastise rebels or exciters of disturbance in his Highness' territories,

গোআলিয়রেতে যে সকল ঘটনা হইয়াছিল তাহাতে ব্রিটিস গবর্ণমেণ্টের যেমন অপমান তেমনি ঐ রাজ্যের সীমাবর্ত্তি ব্রিটিস গবর্ণমেণ্টের প্রজারদের নূতন বিঘ্ন জন্মিতেছে।

উভয় রাজ্যের সীমাসরহদ্দে সুশাসন করণের বিষয়ে গোআলিয়র রাজ্যের আমলারা উপযুক্ত মতে সহকারিতা করিতেছেন না তাহাতে ব্রিটিস গবর্ণমেণ্ট বারম্বার যথোচিত চেতাইয়াছিলেন এবং শ্রীযুত রেসিডেণ্ট সাহেবের অনুরোধক্রমে ৺ প্রাপ্ত মহারাজা তদ্বিষয়ে নানা হুকুম দিয়াছিলেন ঐ হুকুম প্রায় সফল হইল না কিন্তু ব্রিটিস গবর্ণমেণ্ট বিবেচনা করিলেন যে মহারাজার বহু কালাবধি পীড়া তৎপ্রযুক্ত রাজশাসন বিশৃঙ্খল হইয়াছিল অতএব এই বিষয়ের গুরুতর বিবেচনা করিয়া যেরূপ উত্তেজনা করা উচিত ছিল সেইরূপ উত্তেজনা ব্রিটিস গবর্ণমেণ্ট করিলেন না। ঐ গবর্ণমেণ্ট জানিলেন যে ৺ প্রাপ্ত মহারাজার মন অতিভাল এবং যদ্যপি তাঁহার উদ্যোগ বিফল হইল তথাপি তাহা ইচ্ছার অভাবে নহে কিন্তু পরাক্রমের অভাবে।

কিন্তু সম্প্রতি গোআলিয়রেতে যে নানা ঘটনা হইয়াছে এবং ঐ দেশের রাজশাসনের যেরূপ প্রতিকূল ভাব হইয়াছে তাহা দেখিয়া ব্রিটিস গবর্ণমেণ্ট আর সহিষ্ণুতা করিতে পারেন্ না। ঐ গবর্ণমেণ্ট এক্ষণে জানাইতেছেন যে রাজ্যের সীমাতে সুশাসন পুনঃস্থাপনের এবং তাঁহার প্রজারদের উত্তরকালে নির্ব্বিঘ্নে থাকনের নিমিত্তে দৃঢ় উপায় না করিলে নয়।

গোআলিয়র রাজ্যের বিশৃঙ্খল ব্যাপারে ব্রিটিস গবর্ণমেণ্ট যে এই কালপর্য্যন্ত হস্তক্ষেপ করেন্ নাই তাহার কারণ এই যে শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর ভরসা করিলেন যে দেশের প্রধান ব্যক্তিরা সম্প্রতি যে অপমানজনক শাসনেতে সম্মত হইয়াছিলেন তাহা তাঁহারা আপনারাই পরিবর্ত্ত করিয়া ব্রিটিস গবর্ণমেণ্টের যথার্থ দাওয়া সফল করিতে এবং উভয় রাজ্যের পূর্ব্ব কালের মৈত্রীভাব পুনর্ব্বার সংস্থাপন করিতে ইচ্ছুক ও ক্ষমতাপন্ন কোন রাজদরবার স্থাপন করিবেন।

সিন্ধিয়া রাজ্যের মধ্যে ব্রিটিস গবর্ণমেণ্টের বিরুদ্ধ দরবার ঐ গবর্ণমেণ্ট থাকিতে দিতে পারেন্ না ঐ গবর্ণমেণ্ট এমত স্বীকার করিতে পারেন্ না যে আপনার প্রজার দমন করিতে ক্ষমতাপন্ন এবং ব্রিটিস গবর্ণমেণ্ট ও তাঁহার মিত্র রাজার প্রজারদের সঙ্গে প্রতিবাসির উপযুক্ত সম্পর্ক সর্ব্বত্র রাখিতে ক্ষমতাপন্ন দরবার ঐ রাজ্যের মধ্যে না থাকে।

সম্প্রতি গোআলিয়রেতে অতিবিলাপনীয় ঘটনা হইয়াছে এবং মহারাজার রাজবাটীর সম্মুখে ছাউনিতে সৈন্যের পরস্পর যুদ্ধ হইয়াছে এবং মহারাজার রাজ্যের মধ্যে তাবৎ রাজশাসন স্থগিত হইয়াছে দেখিয়া ব্রিটিস গবর্ণমেণ্টের ঐ রাজ্যের ব্যাপারে হস্তক্ষেপ না করিলে নয়। কেবল ইঙ্গলণ্ডীয়েরদের বিষয় রক্ষা করিতে ইহা করিতেছেন এমত নহে কিন্তু যে সন্ধিপত্র আছে তাহার যথার্থ ভাব ও অভিপ্রায় প্রতিপালনের নিমিত্ত।

৺ প্রাপ্ত মহারাজা দওলৎ রাও সিন্ধিয়ার সঙ্গে বুরহানপুরে যে সন্ধিপত্র হইয়াছিল তাহাতে ব্রিটিস গবর্ণমেণ্ট অঙ্গীকার করিলেন যে মহারাজা ও তাঁহার উত্তরাধিকারি ও স্থলাভিষিক্ত ব্যক্তিরদিগকে রক্ষা করিবার নিমিত্ত এবং মহারাজার রাজ্যের মধ্যে রাজবিদ্রোহি এবং কলহকারি ব্যক্তিরদিগকে ভয় প্রদর্শন ও শাস্তি দেওনের নিমিত্ত এবং শ্রীযুক্তের আজ্ঞা লঙ্ঘনকারি সকল

and to reduce to obedience all offenders against His Highness' authority.

The tender age and the helpless position of the present Maharaja render it impossible for him to address to the British Government such form or requisitions for aid as circumstances would justify him in demanding, and compel him to demand under the provisions of the Treaty of Boorhanpoor; but it would be inconsistent with the good faith and injurious to the good name of the British Government, were it to permit this inability to demand aid, which only gives the Maharaja new claims upon its protection, to deprive His Highness of that friendly support in its utmost need which it was the intention of Maharaja Dowlut Rao Scindiah to secure for ever by that Treaty, to himself, his heirs, and successors.

The Governor General will therefore direct the immediate advance of forces amply sufficient to effect all the just purposes of the British Government—to obtain guarantees for the future security of its own subjects on the common frontier of the two States, to protect the person of the Maharaja, to quell disturbances within His Highness' territories, and to chastise all who shall remain in disobedience.

By order of the Right Honourable the Governor General of India,

F. CURRIE,
Secy. to the Govt. of India,
With the Governor General.

Camp Hingonah, the 25th December, 1843.

